# 40th BCS Preliminary Question

**Question 1:** নিচের কোনটি জলজ উদ্ভিদ নয়**?**

A. করচ
B. হিজল
C. ডুমুর
D. গজারী

**Answer:** গজারী

**Explanation:** গজারির অপর নাম শাল। গাছ কাটার পর গোড়া থেকে চারা গজানোর কারণে এর নাম গজারি হয়েছে মনে করা হয়। বাংলাদেশ, ভারত, নেপাল ও মিয়ানমারে এ গাছ জন্মায়। আমাদের ভাওয়াল ও মধুপুরের গজারি বনই দেশের বৃহত্ পত্রঝরা বনাঞ্চল। লাল মাটির পাহাড়, ছোট ছোট টিলা জমিতে গজারি ভালো জন্মে। তবে পানিতে এ গাছ বেশিদিন বাঁচে না। অন্যদিকে, করচ, হিজল ও ডুমুর - জলজ উদ্ভিদ। সূত্রঃ দৈনিক ইত্তেফাক রিপোর্ট ও বাংলাপিডিয়া।

**Question 2:** বাংলাদেশে সংঘটিত বন্যার রেকর্ড অনুযায়ী **(**১৯৭১**-**২০০৭**)** কোন সালের বন্যায় সবচেয়ে বেশি এলাকা প্লাবিত হয়**?**

A. ১৯৭৪
B. ১৯৮৮
C. ২০০৭
D. ১৯৯৮

**Answer:** ১৯৯৮

**Explanation:** বন্যা বাংলাদেশের একটি অতিপরিচিত প্রাকৃতিক দুর্যোগ। প্রায় প্রতিবছরই এদেশে কোথাও না কোথাও বন্যা দেখা দেয়। বেশি এলাকা প্লাবিত বন্যাসমূহ: - ১৯৯৮ সালে : ৬৮ শতাংশ - ১৯৮৮ সালে : ৬১ শতাংশ - ২০০৭ ও ২০১৭ সালে : ৪২ শতাংশ। (তথ্যসূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র এবং ভূগোল ও পরিবেশ : নবম-দশম শ্রেণি।)

**Question 3:** সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র কোথায় অবস্থিত **?**

A. কাঠমাণ্ডু
B. কলম্বো
C. ঢাকা
D. নয়াদিল্লি

Medha

**Answer:** নয়াদিল্লি

**Explanation:** ২০১৬ সালে সার্কের বর্তমান দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র (SAARC Disaster Management Centre (SDMC) ৪টি আঞ্চলিক সংস্থার সমন্বয়ে পুণঃপ্রতিষ্ঠিত হয়। এর বর্তমান সদরদপ্তর - গুজরাট, ভারত। ৪টি আঞ্চলিক সংস্থা হচ্ছে - ১) সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র (নয়া দিল্লী), ২) সার্ক আবহাওয়া কেন্দ্র (ঢাকা), ৩) সার্ক বন কেন্দ্র (থিম্পু) ও ৪) সার্ক উপকূলীয় অঞ্চল ব্যবস্থাপনা কেন্দ্র (মালে)। উল্লেখ্য, বর্তমানে উপরের ৪টি সংস্থাই বিলুপ্ত (২০১৬ সাল থেকে)। উৎসঃ Live MCQ content (Upcoming) ও সার্ক ওয়েবসাইট।

**Question 4:** বাংলাদেশের অর্থনৈতিক সেক্টরগুলোর মধ্যে কোন খাতে বেশি কর্মসংস্থান হয়**?**

A. নির্মাণ খাত
B. শিল্প কারখানা খাত
C. সেবা খাত
D. কৃষি খাত

**Answer:** কৃষি খাত

**Explanation:** বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০২০ অনুযায়ী, - কৃষি খাতে নিয়োজিত জনগোষ্ঠী ৪০.৬ শতাংশ, - সেবা খাতে নিয়োজিত জনগোষ্ঠী ৩৯.০ শতাংশ, - শিল্প খাতে নিয়োজিত জনগোষ্ঠী ২০.৪ শতাংশ। সুতরাং, কর্মসংস্থানের দিক থেকে সবচেয়ে বড় খাত - কৃষিখাত।

**Question 5:** বাংলাদেশের উপকূলীয় সমভূমিতে বসবাসকারী জনগোষ্ঠী যে ধরণের বন্যা কবলিত হয় তার নাম**-**

A. নদীজ বন্যা
B. আকস্মিক বন্যা
C. বৃষ্টিজনিত বন্যা
D. জলোচ্ছ্বাসজনিত বন্যা

**Answer:** জলোচ্ছ্বাসজনিত বন্যা

**Explanation:** বাংলাদেশে সংঘটিত বন্যাকে মূলত তিনটি শ্রেণিতে বিভক্ত করা যায়: ক) মৌসুমি বন্যা (monsoon flood) - এই বন্যা ঋতুগত, নদনদীর পানি ধীরে ধীরে উঠানামা করে এবং বিস্তীর্ণ এলাকা প্লাবিত করে জানমালের ব্যাপক ক্ষতি সাধন করে; খ) আকস্মিক বন্যা (flash flood) - আকস্মিক পাহাড়ি ঢল অথবা স্বল্প সময়ে সংঘটিত প্রবল বৃষ্টিপাত থেকে কিংবা প্রাকৃতিক অথবা মানবসৃষ্ট বাঁধ ভেঙে সংঘটিত হয়; এবং গ) জোয়ারসৃষ্ট বন্যা (tidal flood): সংক্ষিপ্ত স্থিতিকাল বিশিষ্ট এই বন্যার উচ্চতা সাধারণত ৩ থেকে ৬ মিটার

পর্যন্ত হয়ে থাকে এবং ভূ-ভাগের নিষ্কাশন প্রণালীকে আবদ্ধ করে ফেলে। এছাড়াও উপকূলীয় অঞ্চলে আরেক ধরণের বন্যা দেখা যায়, যার নাম - জলোচ্ছ্বাসজনিত বন্যা। ঘূর্ণিঝড় বা জলোচ্ছ্বাস জনিত প্রাকৃতিক দুর্যোগের পর সমুদ্রের পানি উপকূলীয় অঞ্চল সমূহকে প্লাবিত করে এই ধরনের বন্যার সৃষ্টি করে। সূত্রঃ বাংলাপিডিয়া এবং মাধ্যমিক ভূগোল ও পরিবেশ বই।

**Question 6:** নিম্নের কোনটি পাললিক শিলা **?**

A. মার্বেল
B. নিস
C. গ্রানাইট
D. কয়লা

**Answer:** কয়লা

**Explanation:** ভূত্বক গঠিনকারী উপাদানসমূহ শিলা নামে পরিচিত। গঠন অনুসারে শিলা তিন প্রকার। যথাঃ - আগ্নেয় শিলা, - পাললিক শিলা ও - রূপান্তরিত শিলা। পাললিক শিলাঃ পলি সঞ্চিত হয়ে যে শিলা গঠিত হয় তাকে পাললিক শিলা বলে। - পাললিক শিলায় জীবাশ্ম ও স্তর লক্ষ্য করা যায়। - পাললিক শিলা নরম, ভঙ্গুর ও সহজেই ক্ষয়প্রাপ্ত হয়। - বেলেপাথর, চুনাপাথর, কাঁদাপাথর, কয়লা, কেওলিন, শেল প্রভৃতি পাললিক শিলার উদাহরণ। আগ্নেয় ও রূপান্তরিত শিলায় জীবাশ্ম দেখা যায় না। (সূত্রঃ ভূগোল ও পরিবেশ : নবম-দশম শ্রেণী)

**Question 7:** নিম্নের কোনটি বৃহৎ স্কেল মানচিত্র **?**

A. ১ : ২৫,০০০
B. ১ : ১০০,০০০
C. ১ : ১০০০,০০০
D. ১ : ১০,০০০

**Answer:** ১ : ১০,০০০

**Explanation:** স্কেল অনুসারে মানচিত্র দুই প্রকারের। যথা- ১) বৃহৎ স্কেল মানচিত্রঃ একটি ছোট এলাকা কে অনেক বড় করে দেখানো হয় বলে মানচিত্রে অনেক জায়গা থাকে। এবং অনেক কিছু তথ্য এরূপ মানচিত্রে ভাল ভাবে দেখানো যায়। যেমনঃ ১: ১০,০০০ ২) ক্ষুদ্র স্কেল মানচিত্রঃ সমগ্র পৃথিবী বা মহাদেশ বা দেশের মতো বড় অঞ্চলকে একটি ছোট কাগজে দেখানো হয় বলে এ প্রকার মানচিত্রে বেশি জায়গা থাকে না। ফলে মানচিত্রে বেশি কিছু দেখানো যায় না। যেমনঃ ১ : ১০,০০,০০০ উৎসঃ ভূগোল ও পরিবেশ, নবম-দশম শ্রেণী।

**Question 8:** সমবৃষ্টিপাত সম্পন্ন স্থানসমূহকে যোগকারী রেখাকে বলা হয়**-**

A. আইসোথার্ম
B. আইসোবার
C. আইসোহেলাইন
D. আইসোহাইট

**Answer:** আইসোহাইট

**Explanation:** Isobars: Lines connecting places of equal air pressure. Isotherms: Lines connecting places of equal temperature. Isohyets: Lines connecting places of equal amount of rainfall over a given period of time. Isohels: Lines connecting places of same mean daily duration of sunshine. Isonephs: Lines connecting places of same mean value of cloud cover. Source: The National Weather Service (NWS)

**Question 9:** নিচের কোনটি মানবসৃষ্ট আপদ **(hazard)** নয়**?**

A. বায়ু দূষণ
B. দুর্ভিক্ষ
C. মহামারী
D. কালবৈশাখী

**Answer:** কালবৈশাখী

**Explanation:** কালবৈশাখী একটি প্রাকৃতিক দুর্যোগ; মানবসৃষ্ট আপদ নয়। 'প্রাক-মৌসুমী উষ্ণ গ্রীষ্মকাল' এর সময়ে কালবৈশাখী ঝড় হয়। মধ্য এপ্রিল থেকে মধ্য মে মাসের মধ্যে কালবৈশাখী ঝড় তীব্র রূপ ধারণ করে। মূলত আর্দ্র ও শুষ্ক বায়ুপুঞ্জ পরস্পর মুখোমুখি হলে এইরূপ কালবৈশাখী ঝড়ের সৃষ্টি হয়। কালবৈশাখী সাধারণত বাংলাদেশের মধ্যভাগে বিশেষ করে ঢাকা, পাবনা, ফরিদপুর এলাকায় আঘাত হানে। কালবৈশাখীর গতি প্রতি ঘণ্টায় ৪০ হতে ৮০ কিলোমিটার। অনেক সময় এ ঝড়ের গতি ঘণ্টায় ১২৮ কিলোমিটারেরও বেশি হয়ে থাকে। কালবৈশাখী মূলত ভূমিতে আঘাত হানে তবে এর প্রভাব সাইক্লোনের থেকে তুলনামূলক কম ধ্বংসাত্মক। উৎসঃ একাদশ - দ্বাদশ শ্রেণীর ভূগোল ১ম পত্র বই (উন্মুক্ত)। অন্যদিকে, বায়ু দূষণ, দুর্ভিক্ষ ও মহামারী - ইত্যাদি মানবসৃষ্ট কারণে হয়ে থাকে।

**Question 10:** বাংলাদেশের লাউয়াছড়া জাতীয় উদ্যান কী ধরণের বনভূমি**?**

A. ম্যানগ্রোভ জাতীয়
B. ক্রান্তীয় আর্দ্র পত্র পতনশীল জাতীয়
C. পত্র পতনশীল জাতীয়
D. ক্রান্তীয় চিরহরিৎ , আধা - চিরহরিৎ জাতীয়

Medha

**Answer:** ক্রান্তীয় চিরহরিৎ , আধা - চিরহরিৎ জাতীয়

**Explanation:** লাউয়াছড়া জাতীয় উদ্যান বাংলাদেশের মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় অবস্থিত। বনটি ক্রান্তীয় চিরহরিৎ , আধা - চিরহরিৎ জাতীয় বনের একটি উল্লেখযোগ্য নমুনা। উৎসঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয়, নবম-দশম শ্রেণী এবং জীববিজ্ঞান প্রথম পত্র, একাদশ-দ্বাদশ শ্রেণী, ড. মো. আবুল হাসান। লাউয়াছড়া জাতীয় উদ্যান মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় অবস্থিত। এটির আয়তন প্রায় ১২৫০ হেক্টর। - ১৯৯৬ সালে এটিকে জাতীয় উদ্যান ঘোষণা করা হয়। - এখানে গ্রীষ্মমন্ডলীয় চিরহরিৎ ও মিশ্র চিরহরিৎ বনভূমি দেখা যায়। - উল্লেখযোগ্য পশুপাখি - খাটাস , বনমোরগ , উল্লুক , মেছোবাঘ বন বিড়ালসহ বিভিন্ন জীবজন্তু। - এর আশেপাশে খাসিয়া ও ত্রিপুরা জনগোষ্ঠীর বসবাস রয়েছে। সূত্র: বন বিভাগ ও মৌলভীবাজার জেলার ওয়েবসাইট।

**Question 11:** ২০১৮ সালে বাংলাদেশের **Per Capita GDP (nominal)** কত**?**

A. $ ১,৭৫০ মার্কিন ডলার
B. $ ১,৭৫১ মার্কিন ডলার
C. $ ১,৭৫২ মার্কিন ডলার
D. $ ১,৭৫৩ মার্কিন ডলার  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Answer:** $ ১,৭৫৩ মার্কিন ডলার  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Explanation:** অর্থনৈতিক সমীক্ষা ২০২০ঃ জিডিপি ২০১৯-২০ (সাময়িক): - চলতি মূল্যে জিডিপিঃ ২৭,৯৬,৩৭৮ কোটি টাকা - স্থির মূল্যে জিডিপিঃ ১১,৬৩,৭৪০ কোটি টাকা - স্থির মূল্যে জিডিপি প্রবৃদ্ধির হারঃ ৫.২৪% - চলতি মূল্যে মাথাপিছু জিডিপিঃ ১৯৭০ মার্কিন ডলার - চলতি মূল্যে মাথাপিছু জাতীয় আয়ঃ ২০৬৪ মার্কিন ডলার

**Question 12:** আইন ও সালিশ কেন্দ্র কি ধরণের সংস্থা**?**

A. অর্থনৈতিক
B. খেলাধুলা
C. ধর্মীয়
D. মানবাধিকার

**Answer:** মানবাধিকার

**Explanation:** আইন ও সালিশ কেন্দ্র (আসাক) বাংলাদেশ একটি মানবাধিকার এবং আইন সহায়তাকারী বেসরকারি সংগঠন। - ১৯৮৬ সালে প্রতিষ্ঠিত এই সংস্থাটির প্রতিষ্ঠাতা সদস্য ৯ জন। - এর মূল লক্ষ্য সমানাধিকার, গণতন্ত্র, মানবাধিকার, ন্যায়বিচার এবং লিঙ্গভিত্তিক সমতার ভিত্তিতে আইনের শাসন প্রতিষ্ঠা। উৎসঃ আসকের ওয়েবসাইট।

Medha

**Question 13: Almond ও Powel** চাপ সৃষ্টিকারী গোষ্ঠীকে বিভক্ত করেছেন**-**

A. ৩ ভাগে
B. ৬ ভাগে
C. ৫ ভাগে
D. ৪ ভাগে

**Answer:** ৪ ভাগে

**Explanation:** যে গোষ্ঠীর সদস্যগণ একই মনোভাব ও স্বার্থের ভিত্তিতে গড়ে ওঠে এবং স্বার্থের ভিত্তিতেই তারা পরস্পরের সাথে আবদ্ধ হয় তাকে চাপ সৃষ্টিকারী গোষ্ঠী বলে। Almond ও Powel চাপ সৃষ্টিকারী গোষ্ঠীকে ৪ ভাগে ভাগ করেছেন। যথা- - Institutional Interest Groups, - The Associational Interest Groups, - Anomic Interest Groups and - Non-Associational Interest Groups. উৎসঃ উচ্চমাধ্যমিক পৌরনীতি ও সুশাসন (উন্মুক্ত)।

**Question 14:** বাংলাদেশ জাতিসংঘের **-**

A. ১৪৬ তম সদস্য
B. ১১৬ তম সদস্য
C. ১২৬ তম সদস্য
D. ১৩৬ তম সদস্য

**Answer:** ১৩৬ তম সদস্য

**Explanation:** বাংলাদেশ ১৭ সেপ্টেম্বর, ১৯৭৪ সালে জাতিসংঘের সাধারন পরিষদের ২৯-তম অধিবেশনে ১৩৬-তম সদস্য হিসাবে জাতিসংঘে যোগদান করে। - এর এক সপ্তাহ পরে ২৫ সেপ্টেম্বর, ১৯৭৪ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতিসংঘের সাধারন পরিষদে প্রথমবারের মতো বাংলায় ভাষণ প্রদান করেন। - ২৯তম অধিবেশনে বাংলাদেশের সাথেই গ্রানাডা ও গিনি বিসাউ যথাক্রমে ১৩৭ ও ১৩৮-তম সদস্য হিসাবে জাতিসংঘের সদস্য হয়। উৎসঃ বাংলাপিডিয়া ও জাতিসংঘের ওয়েবসাইট।

**Question 15:** বাংলাদেশ প্রথম জাতীয় সংসদের নির্বাচন হয় **-**

A. ৭ ফেব্রুয়ারি , ১৯৭৩
B. ৭ জানুয়ারি, ১৯৭৩
C. ৭ এপ্রিল , ১৯৭৩
D. ৭ মার্চ, ১৯৭৩

**Answer:** ৭ মার্চ, ১৯৭৩

**Explanation:** - ৭ মার্চ ১৯৭৩ খ্রিস্টাব্দে বাংলাদেশ জাতীয় সংসদের প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয়। - সে নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগ ২৯৩ আসন পেয়ে জয়লাভ করে। উৎসঃ বাংলাপিডিয়া।

**Question 16:** ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘে কোন দেশ বাংলাদেশের পক্ষে 'ভেটো' প্রদান করেছিল**?**

A. যুক্তরাজ্য
B. ফ্রান্স
C. যুক্তরাষ্ট্র
D. সোভিয়েত ইউনিয়ন

**Answer:** সোভিয়েত ইউনিয়ন

**Explanation:** মার্কিন যুক্তরাষ্ট্র জাতিসংঘে পাকিস্তানের পক্ষে মোট তিনবার যুদ্ধবিরতির প্রস্তাব আনে এবং সোভিয়েত ইউনিয়ন তিনবারই ভেটো দেয়। এছাড়া মার্কিন যুক্তরাষ্ট্র বঙ্গোপসাগরে ৭ম নৌবহর প্রেরণ করলে তার পাল্টা ভারত মহাসাগরে অবস্থিত সোভিয়েত ইউনিয়নের ২০তম নৌবহর ৭ম নৌবহরের পিছু নেয়। সূত্র: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

**Question 17:** বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ সংবিধানের কোন তফসিলে অন্তর্ভুক্ত করা হয়েছে**?**

A. চতুর্থ তফসিলে
B. সপ্তম তফসিলে
C. ষষ্ঠ তফসিলে
D. পঞ্চম তফসিলে

**Answer:** পঞ্চম তফসিলে

**Explanation:** পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে বাংলাদেশের সংবিধানে আরও ৩টি তফসিল সংযোজন করা হয়। ১৯৭১ সালের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ সংবিধানের পঞ্চম তফসিলে সংযোজন করা হয়। বাংলাদেশের সংবিধানে মোট ৭টি তফসিল আছে। - প্রথম তফসিলঃ অন্যান্য বিধান সত্ত্বেও কার্যকর আইন। - দ্বিতীয় তফসিলঃ রাষ্ট্রপতি নির্বাচন বর্তমানে বিলুপ্ত। - তৃতীয় তফসিলঃ শপথ ও ঘোষণা। - চতুর্থ তফসিলঃ ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী। - পঞ্চম তফসিলঃ ১৯৭১ সালের ৭ই মার্চের ভাষণ। - ষষ্ঠ তফসিলঃ স্বাধীনতার ঘোষণা। - সপ্তম তফসিলঃ স্বাধীনতার ঘোষণাপত্র। উৎসঃ বাংলাদেশের সংবিধান।

Medha

**Question 18:** বঙ্গভঙ্গ' কালে ভারতের ভাইসরয় কে ছিলেন**?**

A. লর্ড লিনলিথগো
B. লর্ড ওয়াভেল
C. লর্ড মাউন্ট ব্যাটেন
D. লর্ড কার্জন

**Answer:** লর্ড কার্জন

**Explanation:** ১৯০৫ সালের ১৬ অক্টোবর লর্ড কার্জনের সময়ে বাংলা প্রেসিডেন্সিকে ভেঙ্গে দুটো প্রদেশ করা হয় যা বঙ্গভঙ্গ নামে পরিচিত। - ভারতের ভাইসরয় লর্ড কার্জন ১৯০৫ সালের ১৬ অক্টোবর বাংলা ভাগ করেন। এ বিভক্তির মাধ্যমে সমগ্র বাংলাকে 'পূর্ববাংলা ও আসাম' এবং 'পশ্চিমবঙ্গ' নামে দুটি প্রদেশে পরিণত করা হয়। - কিন্তু কংগ্রেস ও হিন্দুদের তীব্র বিরোধিতা এবং সহিংস আন্দোলনের কারণে ব্রিটিশ সরকার বঙ্গভঙ্গ রদ করতে বাধ্য হয়। - লর্ড হার্ডিঞ্জের সময় ১৯১১ সালের ডিসেম্বরে ব্রিটেনের রাজা পঞ্চম জর্জ দিল্লিতে বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন। - ১৯৪৭ সালের ভারত ভাগের সময় ভাইসরয় ছিলেন লর্ড মাউন্টব্যাটেন। উৎসঃ বাংলাপিডিয়া এবং বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, নবম-দশম শ্রেণি।

**Question 19:** বাংলাদেশের কোন বনভূমি শালবৃক্ষের জন্য বিখ্যাত **?**

A. সিলেটের বনভূমি
B. পার্বত্য চট্রগ্রামের বনভূমি
C. খুলনা, বরিশাল ও পটুয়াখালীর বনভূমি
D. ভাওয়াল ও মধুপুরের বনভূমি

**Answer:** ভাওয়াল ও মধুপুরের বনভূমি

**Explanation:** বাংলাদেশের বনভূমিকে প্রধানত ক্রান্তীয় পতনশীল পত্রযুক্ত বৃক্ষের বনভূমি, ক্রান্তীয় চিরহরিৎ এবং পতনশীল পত্রযুক্ত বৃক্ষের বনভূমি ও গরান বা স্রোতজ বনভূমি (সুন্দরবন) এই তিন ভাগে ভাগ করা হয়। - মধুপুর ও ভাওয়ালের বনভূমি ক্রান্তীয় পতনশীল পত্রযুক্ত বৃক্ষের বনভূমির অন্তর্ভুক্ত। এর আয়তন প্রায় ৮৭৫ বর্গ কিলোমিটার। শাল জাতীয় এক ধরনের গজারী এ বনভূমির প্রধান বৃক্ষ। - পার্বত্য চট্টগ্রামের বনভূমির প্রধান বৃক্ষ গর্জন, জারুল, শিমুল, গামার ইত্যাদি। - উপকূলীয় অঞ্চল যেমন - খুলনা, বরিশাল ও পটুয়াখালীর বনভূমির প্রধান বৃক্ষ গেওয়া, ধুন্দল, কেওড়া ইত্যাদি। উৎসঃ বাংলাদেশ বন বিভাগের ওয়েবসাইট।

**Question 20:** বাংলাদেশ প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয়**?**

A. ১৯৭২ সালে
B. ১৯৭৩ সালে
C. ১৯৭৫ সালে

Medha

D. ১৯৭৪ সালে

**Answer:** ১৯৭৪ সালে

**Explanation:** স্বাধীনতার পর বাংলাদেশে প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয় ১৯৭৪ সালে। প্রথম আদমশুমারিতে বাংলাদেশের জনসংখ্যা ছিল প্রায় ৭.৬৪ কোটি। এ পর্যন্ত বাংলাদেশে মোট ৫টি আদমশুমারি অনুষ্ঠিত হয়েছে। যথা- ১৯৭৪, ১৯৮১, ১৯৯১, ২০০১ ও ২০১১ সালে। ষষ্ঠ আদমশুমারির নাম হবে 'জনশুমারি ও গৃহগণনা'। পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীনে ২০২১ সালেই ষষ্ঠ শুমারি অনুষ্ঠিত হবে। উৎসঃ পরিকল্পনা মন্ত্রণালয়।

**Question 21: Inclusive Development Index ( IDI) -** এর ভিত্তিতে, দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের স্থান কত**?**

A. প্রথম স্থান
B. চতুর্থ স্থান
C. তৃতীয় স্থান
D. দ্বিতীয় স্থান

**Answer:** দ্বিতীয় স্থান

**Explanation:** বিশ্ব অর্থনৈতিক ফোরাম World Economic Forum কর্তৃক প্রকাশিত Inclisive Devolopment Index (IDI) ২০১৮ এর ভিত্তিতে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের স্থান দ্বিতীয় I - প্রথম স্থানে রয়েছে - নেপাল, - তৃতীয় স্থানে - পাকিস্তান এবং - চতুর্থ স্থানে রয়েছে - ভারত।

**Question 22:** ২০১৮ সালে বাংলাদেশের মোট রপ্তানি আয় কত**?**

A. $ ৪০ বিলিয়ন মার্কিন ডলার
B. $ ৪১ বিলিয়ন মার্কিন ডলার
C. $ ৪২ বিলিয়ন মার্কিন ডলার
D. $ ৪৩ মার্কিন ডলার  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Answer:** $ ৪৩ মার্কিন ডলার  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Explanation:** বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০২০ অনুযায়ী, - রপ্তানি আয় ৩৩.৬৭ বিলিয়ন মার্কিন ডলার। - আমদানি ব্যয় ৫৪.৭৮ বিলিয়ন মার্কিন ডলার। উল্লেখ্য, ২০১৮-২০১৯ অর্থবছরে মোট রপ্তানি ছিলো ৪০.৫৩ বিলিয়ন মার্কিন ডলার। - ২০২০-২০২১ অর্থবছরে পণ্য ও সেবা মিলিয়ে মোট রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৪৮ বিলিয়ন মার্কিন ডলার। - এর মধ্যে পণ্য রপ্তানির লক্ষ্যমাত্রা ৪১ বিলিয়ন ডলার এবং সেবা রপ্তানির লক্ষ্যমাত্রা ৭ বিলিয়ন ডলার। উৎসঃ অর্থনৈতিক সমীক্ষা, ২০২০ এবং রপ্তানি উন্নয়ন ব্যুরো

Medha

ওয়েবসাইট।

**Question 23: Alliance** যে দেশে ভিত্তিক গার্মেন্টস ব্রান্ডগুলোর সংগঠন-

A. যুক্তরাজ্যের
B. ইউরোপিয়ান ইউনিয়নের
C. কানাডার
D. যুক্তরাষ্ট্রের

**Answer:** যুক্তরাষ্ট্রের

**Explanation:** যুক্তরাষ্ট্রের পোশাক ব্র্যান্ডভিত্তিক সংগঠন Alliance। 'Alliance for Bangladesh Worker's Safety' ২০১৩ সালের ২৪ এপ্রিল রানা প্লাজা দুর্ঘটনার পর প্রতিষ্ঠিত হয়। যুক্তরাষ্ট্রের বিশ্ববিখ্যাত গার্মেন্টস ব্র্যান্ডগুলো নিয়ে গঠিত সংগঠন অ্যালায়েন্সের প্রতিষ্ঠাতা সদস্য ২৮টি। প্রতিষ্ঠাকালে সংস্থাটির বাংলাদেশে কার্যক্রম পরিচালনার মেয়াদ ছিল ৫ বছর। উল্লেখ্য, বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নের পোশাক ব্র্যান্ডভিত্তিক সংগঠন এর নাম - Accord।

**Question 24:** ২০১৮ সালে বাংলাদেশের **GDP -** তে শিল্প খাতের অবদান কত**?**

A. ২৯.৬৬%
B. ৩০.৬৬%
C. ৩২.৬৬%
D. ৩৩.৬৬%  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Answer:** ৩৩.৬৬%  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Explanation:** অর্থনৈতিক সমীক্ষা-২০২০ অনুযায়ী, স্থিরমূল্যে জিডিপিতে - শিল্পখাতের অবদান- ৩৫.৩৬ শতাংশ, - সেবাখাতের অবদান- ৫১.৩০ শতাংশ এবং - কৃষিখাতের অবদান- ১৩.৩৫ শতাংশ।

**Question 25:** ২০১৮**-**১৯ অর্থ বছরে রপ্তানি প্রণোদনা রাখা হয়েছে**-**

A. সাড়ে ৪ হাজার কোটি টাকা
B. সাড়ে ৫ হাজার কোটি টাকা
C. সাড়ে ৩ হাজার কোটি টাকা
D. সাড়ে ৬ হাজার কোটি টাকা  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Answer:** সাড়ে ৬ হাজার কোটি টাকা  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Explanation:** আগামী ২০১৯-২০ অর্থবছর হবে রপ্তানিকারকদের জন্য পোয়াবারো। তাঁদের জন্য প্রণোদনা অর্থাৎ ভর্তুকি বাড়ছে। চলতি অর্থবছরে রপ্তানিকারকদের জন্য ভর্তুকি বাবদ ৪ হাজার ৫০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। আগামী অর্থবছরে তা ৫ হাজার কোটি টাকা ছাড়িয়ে যাবে। অর্থ মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে।

**Question 26:** বাংলাদেশে প্রথম ভ্যাট **(VAT)** চালু হয়-

A. ১৯৯৬ সালে
B. ১৯৭৩ সালে
C. ১৯৮৬ সালে
D. ১৯৯১ সালে

**Answer:** ১৯৯১ সালে

**Explanation:** বাংলাদেশের প্রথম ভ্যাট (VAT- Value Added Tax, মূল্য সংযোজন কর) চালু হয়- ১ জুলাই, ১৯৯১ সালে। - ভ্যাট বা মূসক একটি পরোক্ষ কর। - ভ্যাট থেকে বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্ব আয় হয়। - বাংলাদেশ সরকারের দ্বিতীয় সর্বোচ্চ রাজস্ব আয় আসে আয়কর থেকে। - বর্তমানে ভ্যাট স্তর চারটি: ৫%, ৭.৫%, ১০% ও ১৫%। সূত্রঃ NBR ওয়েবসাইট।

**Question 27:** সংবিধানের কোন সংশোধনকে **'first distortion of constitution'** বলে আখ্যায়িত করা হয়**?**

A. ২ য় সংশোধনকে
B. ৪ র্থ সংশোধনকে
C. ৩ য় সংশোধনকে
D. ৫ম সংশোধনকে

**Answer:** ৫ম সংশোধনকে

**Explanation:** বাংলাদেশের সংবিধানের পঞ্চম সংশোধনী কে 'First Distortion of Constitution' বা 'সংবিধানের প্রথম বিকৃতি' বলা হয়। পঞ্চম সংশোধনী আইন এই সংবিধান আইন জাতীয় সংসদে অনুমোদিত হয় ১৯৭৯ সালের ৬ এপ্রিল। - এই আইন দ্বারা সংবিধানের চতুর্থ তফসিলের সংশোধন করা হয় এবং তাতে ১৮ প্যারাগ্রাফ নামে একটি নতুন প্যারাগ্রাফ যুক্ত করা হয়। - এতে বলা হয় যে, ১৯৭৫ সালের ১৫ আগস্ট তারিখসহ ওই দিন থেকে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত (ওই দিনসহ) সামরিক আইন কর্তৃপক্ষের যে কোনো ঘোষণা বা আদেশ বলে সম্পাদিত সংবিধানের সকল সংশোধনী, সংযুক্তি, পরিবর্তন, প্রতিস্থাপন ও বিলুপ্তি বৈধভাবে সম্পাদিত বলে বিবেচিত হবে এবং কোনো কারণেই কোনো আদালত বা ট্রাইব্যুনালে এসবের ব্যাপারে কোনো প্রশ্ন তোলা যাবে না। উৎসঃ বাংলাপিডিয়া ও সংবাদপত্র রিপোর্ট।

Media

**Question 28:** স্বাধীনতার ঘোষণাপত্র সংবিধানের কততম তফসিলে সংযোজন করা হয়েছে?

A. চতুর্থ
B. পঞ্চম
C. ষষ্ঠ
D. সপ্তম

**Answer:** সপ্তম

**Explanation:** বাংলাদেশের সংবিধানে মোট ৭টি তফসিল আছে। - প্রথম তফসিল -- অন্যান্য বিধান সত্ত্বেও কার্যকর আইন। - দ্বিতীয় তফসিল -- রাষ্ট্রপতি নির্বাচন (বর্তমানে বিলুপ্ত)। - তৃতীয় তফসিল -- শপথ ও ঘোষণা। - চতুর্থ তফসিল -- ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী। - পঞ্চম তফসিল -- ১৯৭১ সালের ৭ই মার্চের ভাষণ। - ষষ্ঠ তফসিল -- স্বাধীনতার ঘোষণা। এবং - সপ্তম তফসিল -- স্বাধীনতার ঘোষণাপত্র। উৎসঃ বাংলাদেশের সংবিধান।

**Question 29:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান প্রবর্তিত হয়-

A. ১৭ এপ্রিল , ১৯৭১
B. ২৬ মার্চ, ১৯৭৩
C. ৭ মার্চ , ১৯৭২
D. ১৬ ডিসেম্বর, ১৯৭২

**Answer:** ১৬ ডিসেম্বর, ১৯৭২

**Explanation:** সংবিধান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান ১৯৭২ সালের ৪ নভেম্বর গণপরিষদে গৃহীত হয় এবং একই বছর ১৬ ডিসেম্বর বিজয় দিবসে বলবৎ হয়। -গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে মোট ১৫৩ টি অনুচ্ছেদ আছে। - সংবিধানের ভাগ বা অধ্যায় আছে ১১টি, - তফসিল আছে ৭টি, - মূলনীতি আছে ৪টি, - প্রস্তাবনা আছে ১টি। সূত্রঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান ও বাংলাপিডিয়া।

**Question 30:** সংবিধানের কোন অনুচ্ছেদে 'সরকারি কর্ম কমিশন' **(PSC)** গঠনের উল্লেখ আছে?

A. ১৩৪ নং অনুচ্ছেদে
B. ১৩৫ নং অনুচ্ছেদে
C. ১৩৮ নং অনুচ্ছেদে
D. ১৩৭ নং অনুচ্ছেদে

**Answer:** ১৩৭ নং অনুচ্ছেদে

Medha

**Explanation:** নবম ভাগ বাংলাদেশের কর্মবিভাগ ২য় পরিচ্ছেদ সরকারী কর্ম কমিশন প্রতিষ্ঠা অনুচ্ছেদ ১৩৭ঃ আইনের দ্বারা বাংলাদেশের জন্য এক বা একাধিক সরকারী কর্ম কমিশন প্রতিষ্ঠার বিধান করা যাইবে এবং একজন সভাপতিকে ও আইনের দ্বারা যেরুপ নির্ধারিত হইবে, সেইরুপ অন্যান্য সদস্যকে লইয়া প্রত্যেক কমিশন গঠিত হইবে। সূত্রঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান।

**Question 31:** আওয়ামী লীগের ৬-দফা পেশ করা হয়েছিলো -

A. ১৯৬৯ সালে
B. ১৯৬৭ সালে
C. ১৯৬৮ সালে
D. ১৯৬৬ সালে

**Answer:** ১৯৬৬ সালে

**Explanation:** ১৯৬৬ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানের লাহোরে ছয় দফা উত্থাপন করেন। বাঙালি জাতির মুক্তির সনদ নামে পরিচিত ছয় দফার প্রথম দফা ছিল প্রাদেশিক স্বায়ত্তশাসন। ৬ দফার বাকি দফাগুলো হলো- - কেন্দ্রীয় সরকারের ক্ষমতা, - মুদ্রা বা অর্থ-সম্বন্ধীয় ক্ষমতা, - রাজস্ব, কর বা শুল্ক সম্বন্ধীয় ক্ষমতা, - বৈদেশিক বাণিজ্য বিষয়ক ক্ষমতা এবং - আঞ্চলিক সেনাবাহিনী গঠনের ক্ষমতা। উৎসঃ পৌরনীতি ও সুশাসন, একাদশ-দ্বাদশ শ্রেণি, প্রফেসর মোঃ মোজাম্মেল হক।

**Question 32:** বঙ্গবন্ধুসহ আগরতলা ষড়যন্ত্র মামলায় মোট আসামী সংখ্যা ছিল -

A. ৩৪ জন
B. ৩২ জন
C. ৩৬ জন
D. ৩৫ জন

**Answer:** ৩৫ জন

**Explanation:** ১৯৬৮ সালের ৩ জানুয়ারি আইয়ুব খান সরকার আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করে। ১৮ জানুয়ারি বঙ্গবন্ধুকে এই মামলায় অভিযুক্ত করা হয়। বঙ্গবন্ধুকে প্রধান আসামী করে মোট ৩৫ জনকে এই মামলার আসামী করা হয়। ঢাকা ক্যান্টনমেন্টে ১৯ জুন কঠোর নিরাপত্তার মধ্যে এই মামলার বিচারকার্য শুরু হয়। এই মামলার আসামী সার্জেন্ট জহুরুল হককে ১৫ ফেব্রুয়ারি ১৯৬৯ বন্দি অবস্থায় গুলি করে হত্যা করা হয়। গণঅভ্যুত্থানের মুখে আইয়ুব খান সরকার ১৯৬৯ সালের ২২শে ফেব্রয়ারি আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করে বঙ্গবন্ধু সহ সকল রাজবন্দিদের মুক্তিদানে বাধ্য হয়। (সূত্রঃ বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : নবম-দশম শ্রেণী এবং বাংলাপিডিয়া)

Medha

**Question 33:** তৃণমূল পর্যায়ে স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে কমিউনিটি ক্লিনিক চালু করা হয়-

A. ১৩ হাজার ১২৫ টি
B. ১৩ হাজার ১৩০ টি
C. ১৩ হাজার ১৪৬ টি
D. ১৩ হাজার ১৩৬ টি

**Answer:** ১৩ হাজার ১৩৬ টি

**Explanation:** বাংলাদেশ উন্নয়ন সমীক্ষা, খন্ড ৩৫, বার্ষিক সংখ্যা ১৪২৪, অনুযায়ী উত্তর ১৩ হাজার ১৩৬ টি। একমাত্র এই সোর্সেই ১৩ হাজার ১৩৬টি, এই তথ্যটি হুবহু মিলে গেছে। তার মানে প্রশ্নকর্তা সম্ভবত এটা থেকেই করেছেন। - বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০২০ অনুসারে দেশে বর্তমানে ১৩,৯০৭টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। - বাজেট বক্তৃতা'২১ অনুসারে, সারাদেশে সরকারের কমিউনিটি ক্লিনিক স্থাপনের পরিকল্পনা ১৪,৮৯০টি।

**Question 34: Let There Be light ' -** বিখ্যাত ছবিটি পরিচালনা করেন-

A. আমজাদ হোসেন
B. শেখ নিয়ামত আলী
C. খান আতাউর রহমান
D. জহির রায়হান

**Answer:** জহির রায়হান

**Explanation:** Let There Be Light ছবিটি পরিচালনা করেন জহির রায়হান। জহির রায়হান পরিচালিত অন্যান্য চলচ্চিত্রের মধ্যে রয়েছে: - Stop Genocide - জীবন থেকে নেওয়া - কখনও আসেনি - কাজল - কাঁচের দেয়াল - বেহুলা - আনোয়ারা - সঙ্গম - বাহানা প্রভৃতি। (সূত্র: বাংলাপিডিয়া)

**Question 35:** আলাউদ্দিন হুসেন শাহ্ কখন বৃহত্তর বাংলা শাসন করেন**?**

A. ১৪৯৮ - ১৫১৬ খ্রিস্টাব্দে
B. ১৪৯৮ -১৫১৭ খ্রিস্টাব্দে
C. ১৪৯৮ - ১৫১৮ খ্রিস্টাব্দে
D. ১৪৯৮ -১৫১৯ খ্রিস্টাব্দে

**Answer:** ১৪৯৮ -১৫১৯ খ্রিস্টাব্দে

Medha

**Explanation:** হোসেন শাহ (১৪৯৪-১৫১৯) বাংলার হোসেনশাহী বংশের প্রতিষ্ঠাতা। - তিনি হাবশী সুলতান শামসুদ্দীন মুজাফফর শাহের উজির ছিলেন। তিনি সুলতানকে হত্যা করে সিংহাসন অধিকার করেন। - ১৪৯৪ খ্রিস্টাব্দে তিনি নেতৃস্থানীয় আমীরদের দ্বারা সুলতান নির্বাচিত হন এবং আলাউদ্দিন হুসেন শাহ নাম ধারন করেন। - তিনিই হুসেন শাহী যুগের শ্রেষ্ঠ সুলতান ছিলেন। সূত্রঃ বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, নবম-দশম শ্রেণীর বোর্ড বই ও বাংলাপিডিয়া।

**Question 36:** প্রাচীন বাংলায় মৌর্য শাসনের প্রতিষ্ঠাতা কে **?**

A. এর কোনোটিই নয়
B. চন্দ্রগুপ্ত মৌর্য
C. সমুদ্রগুপ্ত
D. অশোক মৌর্য

**Answer:** অশোক মৌর্য

**Explanation:** • মৌর্য সাম্রাজ্য: - প্রাচীন ভারতে সাম্রাজ্যের বিকাশ ঘটে খ্রিস্টপূর্ব চতুর্থ শতকে। - মৌর্য সাম্রাজ্যই ভারতের ইতিহাসে প্রথম সর্বভারতীয় সাম্রাজ্য। - ভারতে মৌর্য সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা হচ্ছেন চন্দ্রগুপ্ত মৌর্য। - বাংলায় মৌর্য সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা হচ্ছেন সম্রাট আশোক। - তাঁর রাজত্বকাল খ্রিস্টপূর্ব ৩২২-২৯৮ অব্দ পর্যন্ত। - মেগাস্থিনিসের 'ইন্ডিকা' গ্রন্থে চন্দ্রগুপ্তের ব্যক্তিগত জীবন ও শাসন ব্যবস্থার বিস্তৃত বর্ণনা আছে। - গ্রিক শাসন থেকে তিনি ভারতভূমিকে মুক্ত করেছিলেন। - তাঁর রাজধানী পাটলীপুত্র ছিল সুন্দর এবং বিশাল এক প্রাসাদ নগরী। - ২৪ বছর রাজত্ব করার পর তিনি স্বেচ্ছায় ক্ষমতা ত্যাগ করেন বলে জানা যায়। উৎস: ইতিহাস ১ম পত্র, HSC প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**Question 37:** ইউরোপীয় বণিকদের মধ্যে বাংলায় প্রথম এসছিলেন **-**

A. ফরাসিরা
B. ইংরেজরা
C. ওলন্দাজরা
D. পর্তুগীজরা

**Answer:** পর্তুগীজরা

**Explanation:** - পর্তুগিজরা ইউরোপীয়দের মধ্যে প্রথম উপমহাদেশে আগমন করে। - পনেরো শতকের শুরু থেকেই তারা বাণিজ্যের জন্য দুঃসাহসিক সমুদ্রযাত্রা শুরু করে। - ১৪৯৮ খ্রিস্টাব্দের আগস্ট মাসে ভাস্কো ডা গামার কালিকটে পৌঁছার কয়েক দশক পরে ভারতীয় উপমহাদেশে পর্তুগিজদের আগমন ঘটে। - পনেরো শতকের শেষ দিক হতেই এশিয়া থেকে মসলা আহরণের উদ্দেশ্যে ভেনিস ও আরব বণিকদের এড়িয়ে বিকল্প পথ অনুসরণের ফলেই এদেশে পর্তুগিজদের অনুপ্রবেশ ঘটে। - ইউরোপীয়দের মধ্যে সবার শেষে আসেন ফরাসিরা। উৎসঃ বাংলাপিডিয়া।

Meha

**Question 38:** বাংলাদেশে সবচেয়ে বেশি পাট উৎপন্ন হয় কোন জেলায়?

A. শেরপুর
B. রংপুর
C. জামালপুর
D. ফরিদপুর

**Answer:** ফরিদপুর

**Explanation:** ২০১৯-২০২০ অর্থবছরে ফরিদপুর জেলায় পাট উৎপন্ন হয়েছে ৮,৯১,৯৩৮ মেট্রিক টন। যা সারাদেশে সর্বোচ্চ। অর্থাৎ, বাংলাদেশের ফরিদপুর জেলায় সবচেয়ে বেশী পাট উৎপন্ন হয়। - বাংলাদেশে সাধারনত দুই প্রকার পাট চাষ করা হয় দেশি এবং তোষা পাট। সোর্সঃ কৃষি বর্ষগ্রন্থ-২০২০।

**Question 39:** বাংলাদেশে মোট আবাদযোগ্য জমির পরিমাণ-

A. ২ কোটি ৪০ লক্ষ একর
B. ২ কোটি ৫০ লক্ষ একর
C. ২ কোটি ২৫ লক্ষ একর
D. ২ কোটি ২১ লক্ষ একর  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Answer:** ২ কোটি ২১ লক্ষ একর  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Explanation:** কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২০ অনুযায়ী: - মোট আবাদী জমি - ২ কোটি ৮১ হাজার একর - এক ফসলি জমি - ৫২.১৬ লক্ষ একর - দুই ফসলি জমি - ১০১.৯৪ লক্ষ একর - তিন ফসলি জমি - ৪৬.১৩ লক্ষ একর - চার ফসলি জমি – ৫৬ হাজার একর। (তথ্যসূত্র: কৃষি পরিসংখ্যান গ্রন্থ-২০২০ : পৃষ্ঠা-৪১০)

**Question 40:** গারো উপজাতি' কোন জেলায় বাস করে ?

A. পার্বত্য চট্টগ্রাম
B. সিলেট
C. টাঙ্গাইল
D. ময়মনসিংহ

**Answer:** ময়মনসিংহ

**Explanation:** গারো বাংলাদেশের অন্যতম প্রধান উপজাতি গোষ্ঠী। ময়মনসিংহ জেলার গারো পাহাড়ি

Medha

এলাকায় এদের প্রধান আবাসস্থল। এছাড়াও শেরপুর, নেত্রকোনা, রংপুর, জামালপুর, সিলেট ও মৌলভীবাজার জেলায়ও এরা বসবাস করে। উৎসঃ ময়মনসিংহ জেলার ওয়েবসাইট।

**Question 41:** দ্বারা, দিয়া, কর্তৃক- বাংলা ব্যাকরণ অনুযায়ী কোন বিভক্তি?

A. শূন্য বিভক্তি
B. প্রথমা বিভক্তি
C. দ্বিতীয়া বিভক্তি
D. তৃতীয়া বিভক্তি

**Answer:** তৃতীয়া বিভক্তি

**Explanation:** প্রথমা বিভক্তিঃ শূণ্য। দ্বিতীয়া বিভক্তিঃ কে, রে। তৃতীয়া বিভক্তিঃ দ্বারা, দিয়া (দিয়ে), কর্তৃক। চতুর্থী বিভক্তিঃ কে, রে। পঞ্চমী বিভক্তিঃ হতে, হইতে, থেকে, চেয়ে। ষষ্ঠী বিভক্তিঃ র, এর। সপ্তমী বিভক্তিঃ এ (য়), তে, এতে। উৎসঃ মাধ্যমিক ব্যাকরণ বই।

**Question 42:** অভিরাম' শব্দের অর্থ কী?

A. বিরামহীন
B. বালিশ
C. চলন
D. সুন্দর

**Answer:** সুন্দর

**Explanation:** অভিরাম (বিশেষণ): ১ মনোহর; সুন্দর (কমলকোরক অভিরাম-সত্যেন্দ্রনাথ দত্ত)। ২ তৃপ্তিদায়ক (নয়নাভিরাম দৃশ্য)। উৎসঃ বাংলা একাডেমী অভিধান।

**Question 43:** বাংলা কৃৎ -প্রত্যয় সাধিত শব্দ কোনটি?

A. কারক
B. লিখিত
C. বেদনা
D. খেলনা

**Answer:** খেলনা

Medha

**Explanation:** বাংলা কৃৎ -প্রত্যয় সাধিত শব্দ খেলনা (√খেল+অনা = খেলনা)। সংস্কৃত কৃৎপ্রত্যয় সাধিত শব্দ কারক (√কৃ+অক)। সূত্র: উচ্চতর স্বনির্ভর বিশুদ্ধ ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ, পৃঃ ২৯১-২৯২

**Question 44:** গির্জা' কোন ভাষার শব্দ ?

A. ফারসী
B. পাঞ্জাবী
C. ওলন্দাজ
D. পর্তুগিজ

**Answer:** পর্তুগিজ

**Explanation:** পর্তুগিজ শব্দ: আনারস, আলপিন, আলমারি, গির্জা, গুদাম, চাবি, পাউরুটি, পাদ্রি, বালতি ইত্যাদি। Source: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণী।

**Question 45: Attested' -**এর বাংলা পরিভাষা কোনটি**?**

A. সংলগ্ন/সংলাগ
B. প্রত্যয়িত
C. সত্যায়ন
D. সত্যায়িত

**Answer:** সত্যায়িত

**Explanation:** বাংলা একাডেমির প্রশাসনিক পরিভাষা বই থেকে - Attested - সত্যায়িত। Certified - প্রত্যয়িত। Verified - প্রতিপাদিত। Authenticated - প্রমাণীকৃত।

**Question 46:** কোনটি শুদ্ধ বানান **?**

A. প্রজ্বল
B. প্রোজ্জল
C. প্রোজ্বল
D. প্রোজ্জ্বল

**Answer:** প্রোজ্জ্বল

**Explanation:** উদ্দীপ্ত (বিশেষণ): জ্বলে উঠেছে এমন; জ্বলন্ত; প্রোজ্জ্বলিত। উৎসঃ বাংলা একাডেমী অভিধান।

Medha

**Question 47:** জোছনা' কোন শ্রেণীর শব্দ ?

A. যৌগিক
B. তৎসম
C. দেশী
D. অর্ধ-তৎসম

**Answer:** অর্ধ-তৎসম

**Explanation:** কিছু সংস্কৃত শব্দ সামান্য বিকৃতভাবে বাংলায় ব্যবহৃত হয়, যেগুলিকে বলা হয় অর্ধতৎসম শব্দ। যেমন: - চন্দর < চন্দ্র, - বাদ্যি < বাদ্য, - মিষ্টি < মিষ্ট, - সত্যি < সত্য, - জ্যোৎস্না > জ্যোছনা ইত্যাদি। উৎসঃ বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণী।

**Question 48:** জিজীবিষা' শব্দটি দিয়ে বোঝায়-

A. জয়ের ইচ্ছা
B. হত্যার ইচ্ছা
C. শোনার ইচ্ছা
D. বেঁচে থাকার ইচ্ছা

**Answer:** বেঁচে থাকার ইচ্ছা

**Explanation:** জিজীবিষা (বিশেষ্য): বেঁচে থাকার ইচ্ছা; জীবনের আকাঙ্খা। উৎসঃ বাংলা একাডেমী অভিধান।

**Question 49:** সর্বাঙ্গীণ' শব্দের সঠিক প্রকৃতি -প্রত্যয়-

A. সর্বঙ্গ + ঈন
B. সর্ব + অঙ্গীন
C. সর্ব + ঙ্গীন
D. সর্বাঙ্গ + ঈন

**Answer:** সর্বাঙ্গ + ঈন

**Explanation:** নীন (ঈন্)- প্রত্যয়ঃ সর্বজন + নীন = সর্বজনীন কুল + নীন = কুলীন নব + নীন = নবীন তেমনিভাবে, সর্বাঙ্গ + ঈন = সর্বাঙ্গীণ উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণী, পৃষ্ঠা নংঃ ৯২

Medha

**Question 50:** অন্যের রচনা থেকে চুরি করাকে বলা হয়-

A. বেতসবৃত্তি
B. পতঙ্গবৃত্তি
C. জলৌকাবৃত্তি
D. কুম্ভিলকবৃত্তি

**Answer:** কুম্ভিলকবৃত্তি

**Explanation:** অন্যের রচনা থেকে চুরি করা বা অন্যের ভাব, শব্দ ইত্যাদি গ্রহণ করে নিজের বলে ব্যবহার করাকে বলা হয় কুম্ভিলকবৃত্তি (plagiarism)। উৎসঃ বাংলা একাডেমী অভিধান।

**Question 51:** ঊর্ণনাভ' শব্দটি দিয়ে বোঝায়-

A. টিকটিকি
B. তেলেপোকা
C. উইপোকা
D. মাকড়সা

**Answer:** মাকড়সা

**Explanation:** ঊর্ণনাভ, ঊর্ণনাভি (বিশেষ্য): মাকড়সা (ঊর্ণনাভ জাল বুনে চলে-আহসান হাবীব)। উৎসঃ বাংলা একাডেমি অভিধান।

**Question 52:** বাংলা আধুনিক উপন্যাস-এর প্রবর্তক ছিলেন-

A. রবীন্দ্রনাথ ঠাকুর
B. প্যারীচাঁদ মিত্র
C. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
D. বঙ্কিম চট্টোপাধ্যায়

**Answer:** বঙ্কিম চট্টোপাধ্যায়

**Explanation:** বিতর্ক থাকতে পারে। বাংলাপিডিয়া অনুসারে - বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-১৮৯৪) আধুনিক বাংলা উপন্যাসের জনক বলে স্বীকৃত। - তাঁর রচিত দুর্গেশনন্দিনী (১৮৬৫) বাংলা ভাষায় রচিত প্রথম সার্থক উপন্যাস। - তিনি ঐতিহাসিক, রোমান্সধর্মী, রোমান্টিক, সামাজিক, পারিবারিক, মনস্তাত্ত্বিক ইত্যাদি

Medha

বিষয় অবলম্বনে উপন্যাস রচনা করেছেন। - তাঁর উপন্যাসের সংখ্যা চৌদ্দটি।

**Question 53:** কিন্তু আরম্ভের পূর্বেও আরম্ভ আছে। সন্ধ্যা বেলায় দ্বীপ জ্বালার আগে সকাল বেলায় সলতে পাকানো - বাক্যদ্বয় কোন রচনা থেকে উদ্ধৃত**?**

A. নৌকাডুবি
B. চোখের বালি
C. শেষের কবিতা
D. যোগাযোগ

**Answer:** যোগাযোগ

**Explanation:** “কিন্তু আরম্ভের পূর্বেও আরম্ভ আছে। সন্ধ্যা বেলায় দ্বীপ জ্বালার আগে সকাল বেলায় সলতে পাকানো” বাক্যদ্বয় রবীন্দ্রনাথ ঠাকুরের “যোগাযোগ” উপন্যাস থেকে নেওয়া হয়েছে। রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১) কলকাতার জোড়াসাঁকোর এক ধনাঢ্য ও সংস্কৃতিবান পিরালী ব্রাহ্মণ পরিবারে জন্মগ্রহণ করেন। - তিনি বাংলা সাহিত্যের ছোট গল্পের জনক। তাঁকে বাংলা ভাষার সর্বশ্রেষ্ঠ সাহিত্যিক মনে করা হয়। - রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত উপন্যাস 'বৌঠাকুরানীর হাট' (১৮৮৩)। কিন্তু প্রথম লেখা উপন্যাস 'করুণা'। 'করুণা' উপন্যাসটি অসমাপ্ত তাই একে পূর্ণাঙ্গ উপন্যাস হিসেবে গণ্য করা হয় না। • তাঁর বিখ্যাত কয়েকটি উপন্যাসঃ - ঘরে-বাইরে, - চোখের বালি, - শেষের কবিতা, - যোগাযোগ, - নৌকাডুবি, - দুই বোন, - মালঞ্চ, - গোরা, - রাজর্ষি, - চার অধ্যায় ইত্যাদি। উৎসঃ লাইভ এমসিকিউ লেকচার ও যোগাযোগ উপন্যাস।

**Question 54:** মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস কোনটি**?**

A. ইছামতী
B. তেইশ নম্বর তৈলচিত্র
C. আয়নামতির পালা
D. একটি কালো মেয়ের কথা

**Answer:** একটি কালো মেয়ের কথা

**Explanation:** • তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় বিংশ শতাব্দীর একজন বিশিষ্ট বাঙালি কথাসাহিত্যিক ছিলেন। • তিনি পশ্চিমবঙ্গের বীরভূম জেলার লাভপুর গ্রামের এক জমিদার পরিবারে জন্মগ্রহণ করেন। • তাঁর রচিত উপন্যাসঃ - জলসাঘর (প্রথম উপন্যাস), - চৈতালী ঘূর্ণি, - ধাত্রীদেবতা, - কালিন্দী, - গণদেবতা, - পঞ্চগ্রাম, - কবি, - হাঁসুলি বাঁকের উপকথা, - একটি কালো মেয়ের কথা • তাঁর সর্বশেষ ও বাংলাদেশের মুক্তিযুদ্ধকে কেন্দ্র করে রচিত উপন্যাস একটি কালো মেয়ের কথা। • এই উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র নাজমা নামের একটি কালো মেয়ে। উৎসঃ লাইভ এমসিকিউ লেকচার।

**Question 55:** কালো বরফ' উপন্যাস বিষয়:

A. তেভাগা আন্দোলন
B. ভাষা আন্দোলন
C. মুক্তিযুদ্ধ
D. দেশভাগ

**Answer:** দেশভাগ

**Explanation:** মাহমুদুল হক একজন বাংলাদেশি লেখক। - তাঁকে বাংলা সাহিত্যের একজন শক্তিমান কথাশিল্পী বলা হয়ে থাকে। - তাঁর লেখনশৈলী ও শব্দচয়নের মুনশিয়ানা চমকপ্রদ। - তাঁর রচিত উপন্যাস হচ্ছেঃ • কালো বরফ (এই উপন্যাসে দেশবিভাগের কাহিনী ব্যাপকভাবে উঠে এসেছে) • জীবন আমার বোন (এই উপন্যাস বাংলাদেশের মুক্তিযুদ্ধকে কেন্দ্র করে রচিত) • অনুর পাঠশালা, • নিরাপদ তন্দ্রা, • অশরীরী, • পাতালপুরী, • খেলাঘর, • মাটির জাহাজ ইত্যাদি। উৎসঃ মাহমুদুল হক ও দৈনিক জনকন্ঠ।

**Question 56:** ঢাকা প্রকাশ' সাপ্তাহিক পত্রিকাটির সম্পাদক কে**?**

A. সিকান্দার আবু জাফর
B. রামানন্দ চট্টোপাধ্যায়
C. শামসুর রাহমান
D. কৃষ্ণচন্দ্র মজুমদার

**Answer:** কৃষ্ণচন্দ্র মজুমদার

**Explanation:** ঢাকা থেকে প্রকাশিত প্রথম বাংলা সংবাদপত্র 'ঢাকা প্রকাশ'। ১৮৬১ সালে কৃষ্ণচন্দ্র মজুমদারের সম্পাদনায় প্রথম প্রকাশিত হয়। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

**Question 57:** জীবনস্মৃতি' কার রচনা**?**

A. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
B. রোকেয়া সাখাওয়াত হোসেন
C. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
D. রবীন্দ্রনাথ ঠাকুর

**Answer:** রবীন্দ্রনাথ ঠাকুর

**Explanation:** জীবনস্মৃতি - রবীন্দ্রনাথ ঠাকুরের আত্মজীবনী। এটি ১৯১২ সালে প্রকাশিত। - এটি বাংলা সাহিত্যের দ্বিতীয় আত্মজীবনী। এখানে তিনি তার বাল্যকাল থেকে পঁচিশ বছর বয়স পর্যন্ত কালের কাহিনী ও

Medha

ঘটনা বর্ননা করেন। - কালান্তর, সভ্যতার সংকট, পঞ্চভূত ইত্যাদি তার প্রবন্ধ গ্রন্থ। - তার প্রথম প্রবন্ধগ্রন্থ - বিবিধ প্রসঙ্গ। উৎসঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা-ড. সৌমিত্র শেখর।

**Question 58:** দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটি ইংরেজিতে অনুবাদ করেন কে**?**

A. প্যারীচাঁদ মিত্র
B. দ্বিজেন্দ্রলাল রায়
C. প্রমথ চৌধুরী
D. মাইকেল মধুসূদন দত্ত

**Answer:** মাইকেল মধুসূদন দত্ত

**Explanation:** ১৮৬০ সালে দীনবন্ধু মিত্র রচিত নীল-দর্পণ নাটক প্রকাশিত হয়। - এটি ঢাকা থেকে প্রকাশিত প্রথম সাহিত্যকর্ম। - A Native ছদ্মনামে মাইকেল মধুসূদন দত্ত এর ইংরেজি অনুবাদ করেন। অনুবাদটি ১৮৬১ সালে Nil Darpan or The Indigo Planting Mirror নামে প্রকাশিত হয়। উৎসঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা-ড. সৌমিত্র শেখর

**Question 59:** সকালে উঠিয়া আমি মনে মনে বলি**,** সারাদিন আমি যেন ভালো হয়ে চলি **-**চরণ দুটির রচয়িতা কে**?**

A. চণ্ডীচরণ মুনশী
B. কাজী নজরুল ইসলাম
C. রবীন্দ্রনাথ ঠাকুর
D. মদনমোহন তর্কালঙ্কার

**Answer:** মদনমোহন তর্কালঙ্কার

**Explanation:** আমার পণ মদনমোহন তর্কালঙ্কার সকালে উঠিয়া আমি মনে মনে বলি, সারাদিন আমি যেন ভাল হয়ে চলি। আদেশ করেন যাহা মোর গুরুজনে, আমি যেন সেই কাজ করি ভাল মনে। ভাইবোন সকলেরে যেন ভালবাসি, এক সাথে থাকি যেন সবে মিলেমিশি। ভাল ছেলেদের সাথে মিশে করি খেলা, পাঠের সময় যেন নাহি করি হেলা। সুখী যেন নাহি হই আর কারো দুখে, মিছে কথা কভু যেন নাহি আসে মুখে। সাবধানে যেন লোভ সামলিয়ে থাকি, কিছুতে কাহারে যেন নাহি দেই ফাঁকি। ঝগড়া না করি যেন কভু কারো সনে সকালে উঠিয়া এই বলি মনে মনে।

**Question 60:** চর্যাপদে কোন ধর্মমতের কথা আছে**?**

A. খ্রিস্টধর্ম

B. প্যাগনিজম
C. জৈনধর্ম
D. বৌদ্ধধর্ম

**Answer:** বৌদ্ধধর্ম

**Explanation:** চর্যাপদ বাংলা ভাষার প্রথম কাব্যগ্রন্থ/কবিতা সংকলন/ গানের সংকলন। - এটি বাংলা সাহিত্যের আদি যুগের একমাত্র লিখিত নিদর্শন। - ড. হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রাজ দরবারের গ্রন্থাগার থেকে এটি আবিষ্কার করেন। - চর্যাপদের চর্যাগুলো রচনা করেন বৌদ্ধ সহজিয়াগণ। - চর্যাপদে বৌদ্ধধর্মের কথা বলা হয়েছে। উৎসঃ লাইভ এমসিকিউ লেকচার এবং বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

**Question 61:** শরতের শিশির বাগধারার অর্থ কী**?**

A. শরতের শিউলি ফুল
B. সুসময়ের সঞ্চয়
C. শরতের শোভা
D. সুসময়ের বন্ধু

**Answer:** সুসময়ের বন্ধু

**Explanation:** - শরতের শিশির - ক্ষণস্থায়ী/সুসময়ের বন্ধু - লেফাফা দুরস্থ - পরিপাটি - রাহুর দশা- অত্যন্ত অশুভ সময়। - বসন্তের কোকিল- সুসময়ের বন্ধু। উৎসঃ ভাষা-শিক্ষা, হায়াৎ মামুদ ও বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা।

**Question 62:** শিব রাত্রির সলতে **-** বাগধারটির অর্থ কী**?**

A. শিবরাত্রির আলো
B. একমাত্র সঞ্চয়
C. শিবরাত্রির গুরুত্ব
D. একমাত্র সন্তান

**Answer:** একমাত্র সন্তান

**Explanation:** শিবরাত্রির সলতে (বিশেষ্য) একমাত্র পুত্র বা বংশধর। উৎসঃ বাংলা একাডেমী অভিধান।

**Question 63:** প্রোষিতভ র্তৃকা'**-** শব্দটির অর্থ কী**?**

Medha

A. ধর্ষণ প্রাপ্ত তরুণী
B. যে বিবাহিতা নারী পিত্রালয়ে অবস্থান করে
C. ভূমিতে প্রোথিত তরুমূল
D. যে নারীর স্বামী বিদেশে অবস্থান করে

**Answer:** যে নারীর স্বামী বিদেশে অবস্থান করে

**Explanation:** যে নারী অপরের দ্বারা প্রতিপালিতা = পরভৃতিকা যে নারীর স্বামী বিদেশ থাকে = প্রোষিতভর্তৃকা যে পুরুষের বউ বিদেশ থাকে = প্রোষিতপত্নীক উৎসঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা-ড. সৌমিত্র শেখর।

**Question 64:** উল্লিখিতদের মধ্যে কে প্রাচীন যুগের কবি নন**?**

A. কাহ্নপাদ
B. লুইপাদ
C. শান্তিপাদ
D. রমনীপাদ

**Answer:** রমনীপাদ

**Explanation:** চর্যাপদ বাংলা ভাষার প্রাচীনতম পদ সংকলন তথা সাহিত্য নিদর্শন। - ১৯০৭ খ্রিস্টাব্দে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী, নেপালের রাজদরবারের গ্রন্থশালা থেকে চর্যার একটি খণ্ডিত পুঁথি উদ্ধার করেন। - চর্যাপদের প্রধান কবিগণ হলেন - লুইপাদ, কাহ্নপাদ, ভুসুকুপাদ, শবরপাদ, শান্তিপাদ প্রমুখ। - লুইপা বৌদ্ধধর্মের একজন মহাসিদ্ধ, কবি ও বৌদ্ধ ধর্মগ্রন্থের রচয়িতা। - রমনীপাদ - নামে চর্যাপদের কোনো কবির সন্ধান পাওয়া যায় নি। উৎসঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

**Question 65:** উল্লিখিত কোন রচনাটি পুঁথি সাহিত্যের অন্তর্গত নয় **?**

A. ময়মনসিংহ গীতিকা
B. ইউসুফ জুলেখা
C. পদ্মাবতী
D. লাইলী মজনু প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Answer:** লাইলী মজনু প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Explanation:** - মৈমনসিংহ গীতিকা ময়মনসিংহ অঞ্চলের প্রাচীন পালাগানের সংকলন। - পদ্মাবতী মধ্যযুগীয় বাংলা সাহিত্যের একটি জনপ্রিয় প্রণয়কাব্য। দুটিই পুঁথি সাহিত্যের অন্তর্গত নয়। আপনাদের মতামত

বা কোন রেফারেন্স থাকলে জানাবেন। উৎসঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা।

**Question 66:** জীবনীকাব্য রচনার জন্য বিখ্যাত :

A. ফকির গরীবুল্লাহ
B. নরহরি চক্রবর্তী
C. বিপ্রদাস পিপিলাই
D. বৃন্দাবন দাস

**Answer:** বৃন্দাবন দাস

**Explanation:** বৃন্দাবন দাসের চৈতন্য ভাগবত বাংলা ভাষায় রচিত প্রথম পূর্ণদৈর্ঘ্য সন্তজীবনী গ্রন্থ এবং ধর্মীয় পুরুষ কৃষ্ণ চৈতন্য ওরফে বিশ্বম্ভর মিশ্রের (১৪৭৮-১৫৩৩) অসামান্য জীবনের প্রামাণিক দীর্ঘতম আদি রচনা। জাগতিক রীতিতে রচিত চৈতন্য ভাগবত, যাঁকে ভক্তকুল স্বয়ং কৃষ্ণ হিসেবে বরণ করেছিল, সে চৈতন্যের বিস্ময়কর আবির্ভাব বর্ণনা করেছে। - বাংলা ভাষায় চৈতন্যদেবের প্রথম জীবনী - চৈতন্যভাগবত এবং এর রচয়িতা বৃন্দাবন দাস। উৎসঃ বাংলাপিডিয়া ও বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা।

**Question 67:** বৈষ্ণব পদাবলীর সঙ্গে কোন ভাষা সম্পর্কিত**?**

A. সন্ধ্যাভাষা
B. অধিভাষা
C. সংস্কৃত ভাষা
D. ব্রজবুলি

**Answer:** ব্রজবুলি

**Explanation:** বিদ্যাপতি কে মিথিলার কবি বলা হয়। ব্রজবুলি মধ্যযুগীয় বাংলা সাহিত্যের দ্বিতীয় কাব্যভাষা বা উপভাষা। ব্রজবুলি মূলত এক ধরনের কৃত্রিম মিশ্র ভাষা। মৈথিলি ও বাংলার মিশ্রিত রূপ হল ব্রজবুলি ভাষা। পঞ্চদশ শতাব্দীর শেষভাগে মিথিলার কবি বিদ্যাপতি এর উদ্ভাবন করেন। বৈষ্ণব পদাবলির সাথে সম্পর্কিত ভাষা হচ্ছে - ব্রজবুলি। মধ্যযুগের শ্রেষ্ঠ ফসল - বৈষ্ণব পদাবলি। এর নায়ক নায়িকা - রাধা ও কৃষ্ণ। বাঙালি কবি জয়দেবকে বৈষ্ণব পদাবলির প্রথম পদকর্তা বলা হয়। অন্যান্য উল্লেখযোগ্য বৈষ্ণব পদাবলি রচয়িতা - বিদ্যাপতি, চন্ডীদাস, জ্ঞানদাস, গোবিন্দদাস। উৎসঃ লাল নীল দীপাবলি - হুমায়ুন আজাদ এবং বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা-ড. সৌমিত্র শেখর।

**Question 68:** জসীম উদ্দীনের রচনা কোনটি**?**

A. ভবিষ্যতের বাঙালি

B. পথে-প্রবাসে
C. কাল নিরবধি
D. যাদের দেখেছি

**Answer:** যাদের দেখেছি

**Explanation:** জসিম উদ্দীনের রচিত আত্মকথা - জীবনকথা, স্মৃতিপট, যাদের দেখেছি, ঠাকুর বাড়ির আঙ্গিনায়। ডালিমকুমার, এক পয়সার বাঁশি, হাসু তাঁর রচিত শিশুতোষ। উৎসঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

**Question 69:** কিন্তু মানুষ্য কখনো পাষাণ হয় না- উক্তিটি কোন উপন্যাসের **?**

A. রবীন্দ্রনাথের ' চোখের বালি'
B. শরৎচন্দ্রের 'পথের দাবী'
C. শওকত ওসমানের 'ক্রীতদাসের হাসি '
D. বঙ্কিমচন্দ্রের 'রাজসিংহ'

**Answer:** বঙ্কিমচন্দ্রের 'রাজসিংহ'

**Explanation:** কিন্তু মানুষ্য কখনো পাষাণ হয় না- উক্তিটি বঙ্কিমচন্দ্রের 'রাজসিংহ' (১৮৮২) উপন্যাস থেকে গৃহীত হয়েছে। উৎসঃ বাংলাপিডিয়া।

**Question 70:** ইয়ংবেঙ্গল গোষ্ঠীভুক্ত ছিলেন কে**?**

A. অক্ষয় কুমার দত্ত
B. এন্টনি ফিরিঙ্গি
C. কালীপ্রসন্ন সিংহ ঠাকুর
D. মাইকেল মধুসূদন দত্ত

**Answer:** মাইকেল মধুসূদন দত্ত

**Explanation:** ১৮৩৩ সালে মাইকেল মধুসূধন দত্ত হিন্দু কলেজে ভর্তি হন। আর এই কলেজেই 'ইয়ং বেঙ্গল' গোষ্ঠীর উদ্ভব হয়েছিলো ডিরোজিওর হাত ধরে। পরবর্তীতে তিনি ইয়ং বেঙ্গল গোষ্ঠী দ্বারা ব্যাপকভাবে অনুপ্রাণিত হন। হিন্দু কলেজের অধ্যাপক ডিরোজিওর স্বদেশানুরাগে উদ্বুদ্ধ হয়ে তিনি ইয়ং বেঙ্গল গোষ্ঠীতে নাম লেখান। অর্থাৎ মাইকেল মধুসূদন দত্ত ইয়ংবেঙ্গল গোষ্ঠীভুক্ত ছিলেন। সূত্রঃ মাইকেল মধুসূদন দত্তের জীবন-চরিত - যোগীন্দ্রনাথ বসু।

Medha

**Question 71:** বিদ্রোহী' কবিতাটি কোন সনে প্রথম প্রকাশিত হয়েছে**?**

A. ১৯২৩ সন
B. ১৯১৮ সন
C. ১৯১৯ সন
D. ১৯২১ সন

**Answer:** ১৯২১ সন

**Explanation:** - বিদ্রোহী কবিতাটি কাজী নজরুল ইসলামের অগ্নিবীণা কাব্যগ্রন্থের দ্বিতীয় কবিতা। - ১৯২২ সালের ৬ জানুয়ারি (২২ পৌষ, ১৩২৮) সাপ্তাহিক 'বিজলী' পত্রিকায় কবিতাটি প্রকাশিত হয়। - নজরুল দ্রোহ-ভাবাপন্ন আরোও কবিতা লিখলেও শুধু এক 'বিদ্রোহী' কবিতার জন্যই তিনি বাঙালির চিরকালের বিদ্রোহী কবি। - তবে প্রশ্নের অপশনে ১৯২২ না থাকলে ১৯২১ উত্তর করতে হবে। উৎসঃ লাইভ এমসিকিউ লেকচার এবং বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

**Question 72:** আগুনপাখি ' উপন্যাসের রচয়িতা কে**?**

A. রাহাত খান
B. ইমদাদুল হক মিলন
C. সেলিনা হোসেন
D. হাসান আজিজুল হক

**Answer:** হাসান আজিজুল হক

**Explanation:** হাসান আজিজুল হকের "আগুনপাখি" (২০০৬) উপন্যাসটি দেশ বিভাগের পটভূমিতে লেখা। উপন্যাসের কাহিনী বর্ধমান জেলার বাঁকুড়া অঞ্চলের প্রত্যন্ত এক গ্রামের সম্ভ্রান্ত এক মুসলিম পরিবারের ও পরিবারের আশেপাশের হিন্দু মুসলমানদের জীবন থেকে নেয়া। লেখকের অন্যান্য উপন্যাসঃ বৃত্তায়ন, শিউলি, সাবিত্রী উপাখ্যান, শামুক ইত্যাদি। উৎসঃ বাংলাপিডিয়া ও বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা।

**Question 73:** একুশে ফেব্রুয়ারি' বিখ্যাত গানটির সুরকার কে**?**

A. সুবীর সাহা
B. সুধীর দাস
C. আলতাফ মামুন
D. আলতাফ মাহমুদ

**Answer:** আলতাফ মাহমুদ

**Explanation:** আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি আমি কি ভুলিতে পারি' গানটি আবদুল গাফফার চৌধুরী ২১ ফেব্রুয়ারি ১৯৫২ সালে রচনা করেন। - প্রথম সুরকার আব্দুল লতিফ, বর্তমান সুরকার আলতাফ মাহমুদ। - জহির রায়হান 'জীবন থেকে নেওয়া' (১৯৬৯) চলচ্চিত্রে গানটি ব্যবহার করেছেন। উৎসঃ বাংলাপিডিয়া ও বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা।

**Question 74:** বাক্যের ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কী বলে**?**

A. বিভক্তি
B. অনুসর্গ
C. প্রত্যয়
D. কারক

**Answer:** কারক

**Explanation:** কারক শব্দটির অর্থ হলো- যা ক্রিয়া সম্পাদন করে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের যে সম্পর্ক, তাকে কারক বলে। Source: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণী।

**Question 75:** কোন শব্দযুগল বিপরীতার্থক নয়**?**

A. কদাচার - সদাচার
B. কুটিল - সরল
C. কম - বেশি
D. ঐচ্ছিক - অনাবশ্যিক

**Answer:** ঐচ্ছিক - অনাবশ্যিক

**Explanation:** - ঐচ্ছিক (বিশেষণ): ইচ্ছাধীন; ইচ্ছা সাপেক্ষ; optional - আবশ্যিক (বিশেষণ): আবশ্যকরণীয়; বাধ্যতামূলক; compulsory অর্থাৎ ঐচ্ছিক শব্দের বিপরীত শব্দ আবশ্যিক। অন্যান্য অপশনগুলোতে প্রদত্ত বিপরীতার্থক শব্দগুলো সঠিক। উৎসঃ বাংলা একাডেমী অভিধান।

**Question 76:** তথ্য পাওয়া মানুষের কী ধরনের অধিকার **?**

A. রাজনৈতিক অধিকার
B. অর্থনৈতিক অধিকার
C. সামাজিক অধিকার
D. মৌলিক অধিকার

Medha

**Answer:** মৌলিক অধিকার

**Explanation:** তথ্য অধিকার আইন, ২০০৯ (২০ নং আইন) মতে তথ্য পাওয়া মানুষের মৌলিক অধিকার।

**Question 77:** বাংলাদেশে 'নব-নৈতিকতা'র প্রবর্তক হলেন-

A. মোহাম্মদ বরকতুল্লাহ
B. জি.সি দেব
C. আবদুল মতীন
D. আরজ আলী মাতুব্বর

**Answer:** আরজ আলী মাতুব্বর

**Explanation:** আনুষ্ঠানিক উচ্চশিক্ষাবিহীন স্বশিক্ষিত একজন মননশীল লেখক ও যুক্তিবাদী দার্শনিক ছিলেন আরজ আলী মাতুববর (১৯০০-১৯৮৫)। তিনি লড়াই করেছেন ধর্মীয় গোঁড়ামি ও অন্ধ কুসংস্কারের বিরুদ্ধে এবং সহজ-সরল ভাষায় প্রকাশ করেছেন জগৎ ও জীবন সম্পর্কে তাঁর অভিমত। তাঁর উল্লেখযোগ্য গ্রন্থগুলি: - সত্যের সন্ধান (১৯৭৩), - সৃষ্টিরহস্য (১৯৭৭), - অনুমান (১৯৮৩), - মুক্তমন (১৯৮৮) ইত্যাদি। ধর্মের সমালোচক হলেও তিনি যথার্থ ধর্মের বিরোধী ছিলেন না। তাঁর লড়াই ধর্মের বিরুদ্ধে ছিল না, ছিল ধর্মের নামে প্রচলিত ধর্মান্ধতা ও ধর্মতন্ত্রের বিরুদ্ধে। তিনি কুসংস্কারকে ত্যাগ করতে বলেছেন, ধর্মকে নয়। আরজ আলী মাতুব্বরকে নব-নৈতিকতার প্রবর্তক হিসাবে মনে করা হয়। উৎসঃ বাংলাপিডিয়া।

**Question 78:** আমরা যে সমাজেই বসবাস করি না কেন, আমরা সকলেই ভালো নাগরিক হওয়ার প্রত্যাশা করি। এটি -

A. নৈতিক অনুশাসন
B. আইনের অধ্যাদেশ
C. আইনের শাসন
D. রাজনৈতিক ও সামাজিক অনুশাসন

**Answer:** রাজনৈতিক ও সামাজিক অনুশাসন

**Explanation:** রাজনৈতিক মূল্যবোধ মানুষের রাজনৈতিক আচরণ ও কর্মকান্ডকে পরিচালিত ও নিয়ন্ত্রিত করে। রাজনেতিক মূল্যবোধের মধ্যে রয়েছে: - আইন মেনে চলা - রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রদর্শন - রাজনৈতিক অংশগ্রহণ - রাজনৈতিক শৃঙ্খলাবোধ প্রভৃতি। উপর্যুক্ত মূল্যবোধগুলো ভালো নাগরিক হওয়ার জন্য অনুপ্রাণিত করে। (সূত্রঃ পৌরনীতি ও সুশাসন : একাদশ-দ্বাদশ শ্রেণী : প্রথমপত্র : মো. মোজাম্মেল হক)

**Question 79:** সভ্য সমাজের মানদণ্ড হলো -

A. গণতন্ত্র
B. বিচার ব্যবস্থা
C. সংবিধান
D. আইনের শাসন

**Answer:** আইনের শাসন

**Explanation:** আইনের শাসন থাকলে সেখানে বিচার ব্যবস্থা, সংবিধান এবং গণতন্ত্র তিনটিই সঠিক পথে থাকে। অর্থাৎ সভ্য সমাজের মানদণ্ড হলো আইনের শাসন। সূত্রঃ পৌরনীতি ও সুশাসন, একাদশ-দ্বাদশ শ্রেণীর বোর্ড বই, প্রঃ মোঃ মোজাম্মেল হক।

**Question 80:** বিপরীত বৈষম্য' এর নীতিটি প্রয়োগ করা হয়-

A. নারীদের ক্ষেত্রে
B. সংখ্যালঘুদের ক্ষেত্রে
C. প্রতিবন্ধীদের ক্ষেত্রে
D. পিছিয়ে পড়া জনগোষ্ঠীর ক্ষেত্রে

**Answer:** পিছিয়ে পড়া জনগোষ্ঠীর ক্ষেত্রে

**Explanation:** সমাজ জীবনে মানুষের ব্যক্তিগত ও সমষ্টিগত আচার-আচরণ পরিচালিত ও নিয়ন্ত্রিত হয় মূল্যবোধের দ্বারা। আমাদের এ সকল কর্মকাণ্ড সংস্কৃতি দ্বারাই নিয়ন্ত্রিত হয়।

**Question 81:** মূল্যবোধের চালিকা শক্তি হলো-

A. উন্নয়ন
B. গণতন্ত্র
C. সুশাসন
D. সংস্কৃতি

**Answer:** সংস্কৃতি

**Explanation:** সমাজ জীবনে মানুষের ব্যক্তিগত ও সমষ্টিগত আচার-আচরণ পরিচালিত ও নিয়ন্ত্রিত হয় মূল্যবোধের দ্বারা। আমাদের এ সকল কর্মকাণ্ড সংস্কৃতি দ্বারাই নিয়ন্ত্রিত হয়। মূল্যবোধের মাধ্যমে সমাজভেদে মানুষের আচার-আচরণের মাঝে যে পার্থক্য পরিলক্ষিত হয় সংস্কৃতি মানুষকে তার কাঙ্ক্ষিত আচরণটি শেখায়। সুতরাং সংস্কৃতি হচ্ছে মূল্যবোধের চালিকাশক্তি। উৎসঃ পৌরনীতি ও সুশাসন, প্রথম পত্র, একাদশ-দ্বাদশ শ্রেণি, প্রফেসর মোঃ মোজাম্মেল হক।

Medha

**Question 82:** অর্থনৈতিক ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠিত হলে-

A. দুর্নীতি দূর হয়
B. কোনোটিই নয়
C. আইনের শাসন প্রতিষ্ঠিত হয়
D. বিনিয়োগ বৃদ্ধি পায়

**Answer:** বিনিয়োগ বৃদ্ধি পায়

**Explanation:** অর্থনৈতিক, রাজনৈতিক ও সামাজিক ক্ষেত্রে সুশাসনের গুরুত্ব অত্যধিক। - অর্থনৈতিক ক্ষেত্রে সুশাসন নিশ্চিত হলে অর্থনৈতিক উন্নয়ন তরান্বিত হয়। এতে করে পুঁজি বিনিয়োগ ও শিল্পকারখানা স্থাপনে আগ্রহ বৃদ্ধি পায়। ফলে কর্মসংস্থান বৃদ্ধি পায় ও বেকারত্ব হ্রাস পায়। - অর্থনীতির সাথে সরাসরি বিনিয়োগের সাথে সম্পর্ক আছে। তাই অর্থনৈতিক ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠিত হলে বিনিয়োগ বৃদ্ধি পাবে। (তথ্যসূত্র: পৌরনীতি ও সুশাসন : একাদশ-দ্বাদশ শ্রেণী : প্রথমপত্র : মো. মোজাম্মেল হক)

**Question 83:** মূল্যবোধ হলো -

A. মানুষের সঙ্গে মানুষের পারস্পরিক সম্পর্ক নির্ধারণ
B. মানুষের প্রাতিষ্ঠানিক কার্যাবলীর দিক নির্দেশনা
C. সমাজজীবনে মানুষের সুখী হওয়ার প্রয়োজনীয় উপাদান
D. মানুষের আচরণ পরিচালনাকারী নীতি ও মানদণ্ড

**Answer:** মানুষের আচরণ পরিচালনাকারী নীতি ও মানদণ্ড

**Explanation:** - মূল্যবোধ হলো মানুষের আচরণ পরিচালনাকারী মানদন্ড ও নীতি। - মূল্যবোধের প্রধান ও প্রাথমিক উৎস হলো পরিবার। পরিবার থেকেই মূল্যবোধ শিক্ষার সূচনা হয়। - মূল্যবোধ শিক্ষার প্রধান প্রাতিষ্ঠানিক উৎস হলো বিদ্যালয়। এছাড়া সামাজিক রীতিনীতি, প্রথা, ধর্ম, আদর্শ ইত্যাদি মূল্যবোধের অন্যতম উপাদান হিসেবে বিবেচিত। (সূত্র: পৌরনীতি ও সুশাসন : একাদশ-দ্বাদশ শ্রেণী : প্রথমপত্র)

**Question 84:** জাতিসংঘের অভিমত অনুসারে, সুশাসনের লক্ষ্য ও উদ্দেশ্য হলো -

A. দারিদ্র বিমোচন
B. মৌলিক অধিকার রক্ষা
C. নারীদের উন্নয়ন ও সুরক্ষা
D. মৌলিক স্বাধীনতার উন্নয়ন

Medha

**Answer:** মৌলিক স্বাধীনতার উন্নয়ন

**Explanation:** জাতিসংঘ ১৯৯৭ সালে 'শাসন ও ক্রমবর্ধমান উন্নয়ন' শীর্ষক প্রতিবেদন প্রকাশ করে। এখানে সর্বপ্রথম সুশাসন সম্পর্কে স্বীয় দৃষ্টিভঙ্গি তুলে ধরে। জাতিসংঘের অভিমত অনুযায়ী, সুশাসনের অন্যতম প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে মৌলিক স্বাধীনতার উন্নয়ন। কেননা মৌলিক স্বাধীনতার উন্নয়ন ঘটাতে পারলে একদিকে যেমন মৌলিক অধিকারসমূহ রক্ষিত হয়। অন্যদিকে তেমনি নারীর উন্নয়ন ও সুরক্ষা নিশ্চিত হয়। ফলে দেশের সার্বিক উন্নয়ন ঘটে এবং দারিদ্র্য দূরীভূত হয়। উৎসঃ জাতিসংঘের ওয়েবসাইট।

**Question 85:** সুশাসন প্রতিষ্ঠায় নাগরিকের কর্তব্য হলো -

A. সরকার পরিচালনায় সাহায্য করা
B. নিজের অধিকার ভোগ করা
C. সৎভাবে ব্যবসা-বাণিজ্য করা
D. নিয়মিত কর প্রদান করা

**Answer:** নিয়মিত কর প্রদান করা

**Explanation:** সুশাসন প্রতিষ্ঠায় নাগরিকদের কর্তব্য হলোঃ - নিয়মিত কর প্রদান করা, - আইন মান্য করা, - জাতীয় সম্পদ রক্ষা করা, - সংবিধান মেনে চলা, - সৎ ও যোগ্য নেতৃত্ব নির্বাচন করা, - সন্তানদের শিক্ষা দান করা ইত্যাদি। উৎসঃ পৌরনীতি ও সুশাসন – প্রফেসর মোঃ মোজাম্মেল হক।

**Question 86:** জাতিসংঘ কোন সালে মানবাধিকার সংক্রান্ত বৈশ্বিক ঘোষণার ঐতিহাসিক নথিটি গ্রহণ করে?

A. ২০০০
B. ১৯৫৬
C. ১৯৪৫
D. ১৯৪৮

**Answer:** ১৯৪৮

**Explanation:** ১৯৪৬ সালে ‘জাতিসংঘ মানবাধিকার কমিশন’ গঠিত হয়। কমিশন ‘মানবাধিকারের সার্বজনীন ঘোষণা’ এর খসড়া প্রস্তুতের জন্য একটি কমিটি গঠন করে। - কমিটির প্রস্তুতকৃত খসড়া ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিত জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে গৃহীত হয়। - মানবাধিকারের সার্বজনীন ঘোষণায় মোট ৩০ টি অনুচ্ছেদ রয়েছে। - উল্লেখ্য যে, প্রতিবছর ১০ ডিসেম্বরকে বিশ্বব্যাপী ‘আন্তর্জাতিক মানবাধিকার দিবস’ হিসেবে পালন করা হয়। উৎসঃ জাতিসংঘের ওয়েবসাইট।

**Question 87: OIC -** এর কততম শীর্ষ সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অংশগ্রহণ করেন**?**

Medha

A. ৭ম শীর্ষ সম্মেলনে
B. ৫ম শীর্ষ সম্মেলনে
C. ৪র্থ শীর্ষ সম্মেলনে
D. ২য় শীর্ষ সম্মেলনে

**Answer:** ২য় শীর্ষ সম্মেলনে

**Explanation:** ১৯৬৯ সালের ২৫ সেপ্টেম্বর মরক্কোর রাজধানী রাবাতে ইসলামি সম্মেলন সংস্থা (ওআইসি) প্রতিষ্ঠিত হয়। - এর সদরদপ্তর সৌদি আরবের জেদ্দায়। - ওআইসি সদস্য দেশ ৫৭ টি। - বাংলাদেশ ১৯৭৪ সালে লাহোর সম্মেলনে (দ্বিতীয় সম্মেলন) ওআইসি সদস্যপদ লাভ করে। - ওআইসির শীর্ষ সম্মেলন প্রতি তিন বছর পর পর অনুষ্ঠিত হয়। - ওআইসির অফিসিয়াল ভাষা ৩টি। যথাঃ আরবি, ইংরেজি এবং ফরাসি। উৎসঃ ওআইসি ওয়েবসাইট।

**Question 88:** পাকিস্তান নিয়ন্ত্রিত কাশ্মীরের কোন অংশে ভারত সম্প্রতি **(**ফেব্রুয়ারি**,** ২০১৯ **)** সামরিক বিমান হামলা পরিচালনা করে**?**

A. এবোটাবাদ
B. কোয়েটা
C. গিলগিট
D. বালাকোট

**Answer:** বালাকোট

**Explanation:** পাকিস্তান নিয়ন্ত্রিত কাশ্মীরের বালাকোট অংশে ভারত সম্প্রতি (ফেব্রুয়ারি, ২০১৯ ) সামরিক বিমান হামলা পরিচালনা করে। সূত্রঃ বিবিসি নিউজ।

**Question 89:** নিচের কোন দেশে ২০২২ সালে **G-20** বাৎসরিক সম্মেলন অনুষ্ঠিত হবে**?**

A. ইতালী
B. যুক্তরাষ্ট্র
C. ব্রাজিল
D. ভারত

**Answer:** ভারত

**Explanation:** - ২০২৩ সালে জি-২০ সম্মেলন অনুষ্ঠিত হবে ভারতে। পূর্বে ভারত ২০২২ সালের জি-২০ সম্মেলনের আয়োজক হিসেবে নির্ধারিত হলেও রিয়াদ সম্মেলনে তা পরিবর্তন করা হয়। - ২০২১ সালে ইতালি এই

সম্মেলন আয়োজন করবে। - ২০২৪ সালে ব্রাজিলে জি-২০ সম্মেলন অনুষ্ঠিত হবে। (সূত্রঃ জি-২০ ওয়েবসাইট)

**Question 90:** দ্যা আইডিয়া অব জাস্টিস' গ্রন্থের রচয়িতা কে**?**

A. মার্থা ন্যুসবাম
B. জোসেফ স্টিগলিটজ
C. জন রাউলস
D. অমর্ত্য সেন

**Answer:** অমর্ত্য সেন

**Explanation:** দি আইডিয়া অফ জাস্টিস' হল নোবেল বিজয়ী অমর্ত্য সেনের একটি বিখ্যাত গ্রন্থ। ২০০৯ সালে প্রকাশিত এ বইটি রাউলসের 'এ থিওরি অফ জাস্টিস' এর সমালোচনা ও সংশোধন। 'দি আইডিয়া অব জাস্টিস' এর মূলকথা হলো- ন্যায্যতা কোন বিমুর্ত, র্ব-নির্ধারিত ধারণা নয়, বিভিন্ন পরিস্থিতিতে নানান মাপকাঠি দিয়ে ন্যায় অন্যায়ের বিচার করতে হবে।

**Question 91:** শ্রীলংকার কোন সমুদ্রবন্দর চীনের নিকট ৯৯ বছরের জন্য লীজ দেয়া হয়েছে**?**

A. ত্রিঙ্কোমালী
B. পোর্ট অব কলম্বো
C. গল বন্দর
D. হাম্বানটোটা

**Answer:** হাম্বানটোটা

**Explanation:** শ্রীলংকার দক্ষিণ কলম্বোতে অবস্থিত কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হাম্বানটোটা গভীর সমুদ্রবন্দরটি ৯ ডিসেম্বর, ২০১৭ সালের ডিসেম্বরে চীনের নিকট ৯৯ বছরের জন্য লিজ দেয় শ্রীলংকা সরকার। এটি মাগামপুরা মাহিন্দা রাজাপাকসে পোর্ট নামেও পরিচিত। কলম্বো বন্দরের পরে এ বন্দরটি শ্রীলঙ্কার দ্বিতীয় বৃহত্তম সমুদ্রবন্দর।

**Question 92:** যুক্তরাষ্ট্রের **Guantanamo Bay Detention Camp** কোথায় অবস্থিত**?**

A. ফ্লোরিডা
B. হাইতি
C. জ্যামাইকা
D. কিউবা

Medha

**Answer:** কিউবা

**Explanation:** গুয়ানতানামো বে মার্কিন যুক্তরাষ্ট্রের একটি কারাগার। এই কারাগারটি ২০০২ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠা করা হয়। মার্কিন যুক্তরাষ্ট্রের মূল ভূ-খণ্ডের বাইরে কিউবার দক্ষিণ-পূর্ব পাশে ক্যারিবীয় সাগরে এর অবস্থান। যা বন্দীদের ওপর অমানুষিক নির্যাতনের জন্য কুখ্যাত। - ক্যাম্প সেভেন হলো কিউবায় অবস্থিত যুক্ররাষ্ট্রের গুয়ানতানামো বে কারাগারের একটি সুরক্ষিত ও গোপনীয় বন্দি শিবির। - এই শিবিরে ৯/১১ হামলার সাথে জড়িত ও সিআইয়ের অন্যান্য শীর্ষ স্থানীয় অপরাধীদের আটকে রাখা হতো। - যুক্তরাষ্ট্রের সামরিক বিভাগ সম্প্রতি এই ক্যাম্পটি বন্ধের ঘোষণা দেয়। (তথ্যসূত্র: ব্রিটানিকা ও ইন্ডিপেন্ডেট, ইউকে)

**Question 93:** টেকসই উন্নয়ন সংক্রান্ত ২০৩০ এজেন্ডা **(The 2030 Agenda for Sustainable Development) -**তে কয়টি লক্ষ্য **( goals)** রয়েছে **?**

A. ১৫
B. ২৭
C. ২১
D. ১৭

**Answer:** ১৭

**Explanation:** টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা হলো ভবিষ্যত আন্তর্জাতিক উন্নয়ন সংক্রান্ত জাতিসংঘ প্রণয়নকৃত একগুচ্ছ লক্ষ্যমাত্রা। - এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল। - এতে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে। উৎসঃ UNDP ওয়েবসাইট।

**Question 94: V-20'** গ্রুপ কিসের সাথে সম্পর্কিত**?**

A. কৃষি উন্নয়ন
B. দারিদ্র বিমোচন
C. বিনিয়োগ সম্পর্কিত
D. জলবায়ু পরিবর্তন

**Answer:** জলবায়ু পরিবর্তন

**Explanation:** বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় পারস্পরিক সহযোগিতার অঙ্গীকারৎনিয়ে জলবায়ু পরিবর্তনে সবচেয়ে ঝুঁকিতে থাকা ২০টি দেশকে নিয়ে ৮ অক্টোবর ২০১৫ পেরু লিমায় Vulnerable Twenty বা V20 নামে একটি নতুন জোটের যাত্রা শুরু হয়। পরবর্তী বছর এ গ্রুপে আরো ২৩টি দেশ যোগদান করে। এটি জাতিসংঘের উন্নয়ন কর্মসূচি UNDP-এর Climate Vulnerable Forum -এর সাথে সরাসরি জড়িত। উৎসঃ V-20 ওয়েবসাইট।

Medha

**Question 95: জাতিসংঘ সমুদ্র আইন কত সালে স্বাক্ষরিত হয়েছিল?**

A. ১৯৭৯ সালে
B. ১৯৯৮ সালে
C. ১৯৮৩ সালে
D. ১৯৮২ সালে

**Answer:** ১৯৮২ সালে

**Explanation:** জাতিসংঘের সমুদ্রবিষয়ক আইন বা United Nations Convention on the Law of the Sea ১৯৮২ সালে সমুদ্রবিষয়ক তৃতীয় জাতিসংঘ সম্মেলনে স্বাক্ষরিত একটি চুক্তির নাম। সম্মেলনটি ১৯৭৩ থেকে ১৯৮২ সাল পর্যন্ত চলেছিল। এ আইনটি UNCLOS-III নামেও পরিচিত। মৎস্য শিকার, নৌচলাচল, মহীসোপান, গভীর সমুদ্রতল, বৈজ্ঞানিক গবেষণা ও সমুদ্র দূষণের মত বিষয়গুলো এ চুক্তির মূল বিষয়। উৎসঃ জাতিসংঘ ওয়েবসাইট।

**Question 96: বিশ্বের সর্বশেষ জলবায়ু সম্মেলন (ডিসেম্বর, ২০১৮ ) কোথায় অনুষ্ঠিত হয়?**

A. বেইজিং ,চীন
B. প্যারিস, ফ্রান্স
C. রোম, ইতালি
D. কাটোউইস, পোল্যান্ড

**Answer:** কাটোউইস, পোল্যান্ড

**Explanation:** পোল্যান্ডের দক্ষিণাঞ্চলীয় শহর কাতোভিচে (ডিসেম্বর, ২০১৮ সালে) বিশ্ব জলবায়ু সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। জলবায়ু পরিবর্তন বিষয়ে জাতিসংঘের পরবর্তী UNFCCC CoP-26 সম্মেলন ২০২১ সালের ১-১২ নভেম্বর যুক্তরাজ্যের গ্লাসগো শহরে অনুষ্ঠিত হবে। এই সম্মেলনে পার্টনার হিসেবে ইতালিও সম্পৃক্ত থাকবে। UNFCCC CoP-26 সম্মেলন ২০২০ সালে অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও কোভিড-১৯ এর কারণে তা পেছানো হয়। (সূত্রঃ UNFCCC ওয়েবসাইট)

**Question 97: Sunshine Policy- এর সাথে কোন দুটি দেশ জড়িত ?**

A. চীন, রাশিয়া
B. তাইওয়ান, হংকং
C. জাপান, থাইল্যান্ড
D. উত্তর কোরিয়া, দক্ষিণ কোরিয়া

Medha

**Answer:** উত্তর কোরিয়া, দক্ষিণ কোরিয়া

**Explanation:** - দুই কোরিয়ার সম্পর্ক উন্নয়নের জন্য ১৯৯০-এর দশকে দক্ষিণ কোরিয়া এক নীতি গ্রহন করে যা 'সানসাইন পলিসি' (Sunshine Policy) নামে পরিচিত। - এই পলিসির আওতায় দুই কোরীয়ার শীর্ষ নেতাদের মধ্যে কয়েকটি বৈঠক অনুষ্ঠিত হয় এবং সম্পর্ক স্বাভাবিক করার চেষ্টা চালানো হয়। - সানশাইন পলিসির প্রবক্তা দক্ষিণ কোরিয়ার সাবেক প্রেসিডেন্ট কিম দায়ে জং। - এই পলিসির মেয়াদ ছিলো ১৯৯৮-২০০৮ সাল পর্যন্ত। উৎসঃ ব্রিটানিকা.কম

**Question 98: BRICS কর্তৃক প্রতিষ্ঠিত ব্যাংকের নাম হচ্ছে-**

A. International Commercial Bank (ICB)
B. BRICS Development Bank (BDB)
C. Economic Development Bank (EDB)
D. New Development Bank ( NDB)

**Answer:** New Development Bank ( NDB)

**Explanation:** New Development Bank (NDB) যাত্রা শুরু করে ২০১৫ সালের ৭ জুলাই। - NDB গঠনের প্রাথমিক আলোচনা শুরু হয় ২০১২ সালের ব্রিকস সম্মেলনে এবং এ লক্ষ্যে ২০১৪ সালে ব্রাজিল ব্রিকস সম্মেলনে চুক্তি স্বাক্ষরিত হয় যার ভিত্তিতে ২০১৫ সালের ৭ জুলাই অফিশিয়াল ভাবে NBD তার কার্যক্রম শুরু করে। - এর সদস্য পাঁচটি। এগুলে হলো চীন, রাশিয়া, ভারত, ব্রাজিল ও দক্ষিণ আফ্রিকা। - ব্যাংকটিতে প্রত্যেক সদস্যের শেয়ার সংখ্যা সমান ২০% করে। এটির সদর দপ্তর চীনের সাংহাই এ অবস্থিত। (সূত্রঃ NDB ওয়েবসাইট)

**Question 99:** চীন নিচের কোন আফ্রিকান দেশটিতে সামরিক ঘাঁটি স্থাপনের মাধ্যমে কৌশলগত সম্পর্ক স্থাপন করেছে**?**

A. ইথিওপিয়া
B. জাম্বিয়া
C. লাইবেরিয়া
D. জিবুতি

**Answer:** জিবুতি

**Explanation:** পূর্ব আফ্রিকার বাব-এল-মান্দেবের তীরে অবস্থিত কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ ছোট দেশ জিবুতি। চীন ২০১৭ সালে জিবুতিতে সামরিক ঘাঁটি স্থাপন করে। ভূরাজনৈতিক ও কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হওয়ার জন্য আগে থেকেই দেশটিতে যুক্তরাষ্ট্র, ফ্রান্স ও জাপানের সামরিক ঘাঁটি রয়েছে। উৎসঃ বিবিসি নিউজ।

Medha

**Question 100:** নিচের কোন সংস্থাটির সচিবালয় বাংলাদেশে অবস্থিত **?**

A. SAARC
B. CICA
C. IORA
D. BIMSTEC

**Answer:** BIMSTEC

**Explanation:** বিমসটেক (BIMSTEC-Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Co-Operation) বঙ্গোপসাগর তীরবর্তী দেশগুলোর আঞ্চলিক অর্থনৈতিক জোট। - এটি ১৯৯৭ সালে প্রতিষ্ঠিত হয়। - এর স্থায়ী সদরদপ্তর অবস্থিত ঢাকায়। - এর বর্তমান সদস্য সংখ্যা ৭টি। এগুলো হলো- বাংলাদেশ, ভারত, শ্রীলঙ্কা, থাইল্যান্ড, মিয়ানমার, নেপাল ও ভুটান। উৎসঃ বিমসটেক ওয়েবসাইট।

**Question 101:** নিচের কোন সংস্থাটির স্থায়ী সদর দপ্তর নেই**?**

A. NATO
B. ASEAN
C. EU
D. NAM

**Answer:** NAM

**Explanation:** ১৯৫৫ সালে বান্দুং (ইন্দোনেশিয়া) সম্মেলনের মাধ্যমে জোট নিরপেক্ষ আন্দোলন বা ন্যাম (NAM) প্রতিষ্ঠিত হয়। ১৯৬১ সালে সাবেক যুগোশ্লাভিয়ার রাজধানী বেলগ্রেডে প্রথম ন্যাম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। দ্বিতীয় সম্মেলন ১৯৬৪ সালে মিশরের কায়রোতে অনুষ্ঠিত হয়। - সর্বশেষ ১৮তম ন্যাম সম্মেলন অনুষ্ঠিত হয় ২০১৯ সালের ২৫-২৬ অক্টোবর আজারবাইজানের রাজধানী বাকুতে। - ন্যামের বর্তমান সদস্য সংখ্যা ১২০ এবং পর্যবেক্ষক রাষ্ট্রের সংখ্যা ১৭। - এর কোন স্থায়ী সদর দপ্তর নেই। তবে যে দেশে সম্মেলন অনুষ্ঠিত হবে সেই দেশে দাপ্তরিক কার্যক্রম পরিচালিত হয়। সূত্রঃ ন্যাম ওয়েবসাইট।

**Question 102:** জাতিসংঘ বিষয়ক আলোচনায় পি৫ **(P5)** বলতে কি বুঝায়**?**

A. উপরের কোনোটিই নয়
B. পাঁচটি পরমাণু শক্তিধর রাষ্ট্র
C. পাঁচটি জাতিসংঘ সংস্থা
D. নিরাপত্তা পরিষদের পাঁচটি স্থায়ী সদস্য রাষ্ট্র

Medha

**Answer:** নিরাপত্তা পরিষদের পাঁচটি স্থায়ী সদস্য রাষ্ট্র

**Explanation:** দ্বিতীয় বিশ্বযুদ্ধের বিজয়ী পাঁচ পরাশক্তি - চীন, ফ্রান্স, রাশিয়া, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য। এই পাঁচ স্থায়ী সদস্য রাষ্ট্রকে পি৫ (P5) বলা হয়।

**Question 103:** মিনস্ক নিচের কোন দেশের রাজধানী**?**

A. তাজাকিস্তান
B. আজারবাইজান
C. পর্তুগাল
D. বেলারুশ

**Answer:** বেলারুশ

**Explanation:** কয়েকটি দেশের রাজধানী: - কাজাখস্তানের নতুন রাজধানী নুর সুলতান। - তাজাকিস্তানের রাজধানী দুশানবে। - পর্তুগালের রাজধানী লিসবন। - বেলারুশের রাজধানীর মিনস্ক।

**Question 104:** সর্বশেষ মিউনিখ নিরাপত্তা সম্মেলন কোন সালের কোন মাসে অনুষ্ঠিত হয়েছে**?**

A. সেপ্টেম্বর, ২০১৮
B. মার্চ, ২০১৯
C. ফেব্রুয়ারি , ২০১৯
D. ডিসেম্বর , ২০১৮ প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Answer:** ডিসেম্বর , ২০১৮ প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Explanation:** সর্বশেষ মিউনিখ নিরাপত্তা সম্মেলন (৫৭-তম) ১৯ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে জার্মানির মিউনিখে অনুষ্ঠিত হয়। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাড়াও এ সম্মেলনে অংশ নিয়েছেন জার্মানির চ্যান্সেলর আঙ্গেলা মেরকেল, আফগানিস্তানের প্রেসিডেন্ট আশরাফ গানি, মিশরের প্রেসিডেন্ট আবদুল ফাত্তাহ আল-সিসি, রোমানিয়ার প্রেসিডেন্ট ক্লস ইয়োহানিস, ইউক্রেনের প্রেসিডেন্ট পেত্রো পোরোশেঙ্কো, রুয়ান্ডার প্রেসিডেন্ট পল কাগামে, কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি, চীনের ক্ষমতাসীন কমিউনিস্ট পার্টির প্রভাবশালী পলিটব্যুরো সদস্য ইয়াং ঝিয়েচি। উৎসঃ ডয়েচভেলে রিপোর্ট।

**Question 105:** কোন দেশটি ইউরোপের বাল্টিক অঞ্চলে অবস্থিত নয়**?**

A. ফিনল্যান্ড
B. পোল্যান্ড

C. সুইডেন
D. অস্ট্রিয়া

**Answer:** অস্ট্রিয়া

**Explanation:** প্রশ্নে বাল্টিক স্টেট বলা হয় নি; বাল্টিক অঞ্চল বলা হয়েছে। - অস্ট্রিয়া বাল্টিক অঞ্চল/সাগর থেকে অনেক দূরে অবস্থিত। বাল্টিক রাষ্ট্র ৩টি। যথা- - এস্তোনিয়া, - লাটভিয়া, - লিথুনিয়া। এছাড়াও পোল্যান্ড, সুইডেন, ডেনমার্ক - প্রভৃতি রাষ্ট্রও বাল্টিক সাগরের নিকটে অবস্থিত। উৎসঃ ওয়ার্ল্ড এটলাস।

**Question 106: AC কে DC করার যন্ত্র-**

A. ডায়োড
B. অ্যামপ্লিফায়ার
C. ট্রানজিস্টর
D. রেকটিফায়ার

**Answer:** রেকটিফায়ার

**Explanation:** রেকটিফায়ার হলো একটি বৈদ্যুতিক যন্ত্র যা পরিবর্তনশীল বিদ্যুৎ প্রবাহ (AC) কে একমুখী বিদ্যুৎ প্রবাহ (DC) এ রূপান্তরিত করে। যে পদ্ধতিতে পরিবর্তী প্রবাহকে (A.C) একমুখী (D.C) প্রবাহে পরিবর্তন করে তাকে একমুখীকরণ বা রেকটিফিকেশন (Rectification) বলে। এবং যে বর্তনীর সাহায্যে এ ক্রিয়া সম্পাদন করা হয় তাকে বলা হয় একমুখীকারক বা রেকটিফায়ার (Rectifier)। একমুখীকারক দু'প্রকারের। যথা- (ক) অর্ধতরঙ্গ একমুখীকারক এবং (খ) পূর্ণ তরঙ্গ একমুখীকারক। উৎসঃ একাদশ-দ্বাদশ শ্রেণীর পদার্থবিজ্ঞান ২য় পত্র বই (উন্মুক্ত)।

**Question 107:** বিদ্যুৎ শক্তিকে শব্দ শক্তিতে রূপান্তরিত করা হয় কোন যন্ত্রের মাধ্যমে -

A. মাল্টিমিটার
B. অ্যামপ্লিফায়ার
C. জেনারেটর
D. লাউড স্পিকার

**Answer:** লাউড স্পিকার

**Explanation:** লাউড স্পীকারে তড়িৎ শক্তি শব্দ শক্তিতে এবং মাইক্রোফোনে শব্দ শক্তি তড়িৎ শক্তিতে রূপান্তরিত হয়। উৎসঃ ১১-১২শ শ্রেণির পদার্থ বিজ্ঞান।

Medha

**Question 108:** বাতাসের আর্দ্রতা মাপার যন্ত্রের নাম কি**?**

A. মাইকোমিটার
B. গ্রাভিমিটার
C. ব্যারোমিটার
D. হাইগ্রোমিটার

**Answer:** হাইগ্রোমিটার

**Explanation:** বাতাসের আদ্রতা মাপার যন্ত্রের নাম হাইগ্রোমিটার।

**Question 109:** একটি বাল্বে **"60 W- 220 V"** লেখা আছে। বাল্বটির রোধ কত ওহম **( Ohm) ?**

A. 16.36
B. 160
C. 280
D. 806.67

**Answer:** 806.67

**Explanation:** এখানে, বিভব পার্থক্য, V = 220V ক্ষমতা, P = 60 W রোধ, R = ? আমরা জানি, P = V2/R বা, R = V2/P বা, R = 220×220/60 R = 806.67 ওহম

**Question 110:** নবায়নযোগ্য জ্বালানীর উৎস**-**

A. তেল
B. গ্যাস
C. কয়লা
D. বায়োগ্যাস

**Answer:** বায়োগ্যাস

**Explanation:** নবায়নযোগ্য জ্বালানীর উৎস বায়োগ্যাস, বায়োমাস, সৌরশক্তি, বায়ুশক্তি, বায়োফুয়েল এবং জিওথার্মাল। উৎসঃ পদার্থবিজ্ঞান, নবম-দশম শ্রেণি। নবায়নযোগ্য শক্তি বা নবায়নযোগ্য জ্বালানি হলো এমন শক্তি, যা পুনরায় বা বারবার ব্যবহার করা যায়। ব্যবহারের ফলে শক্তির উৎসটি নিঃশেষ হয়ে যায় না। উদাহরণঃ সৌরশক্তি, বায়ুপ্রবাহ, বায়োগ্যাস, সমুদ্রস্রোত ইত্যাদি। সূত্রঃ বিজ্ঞান, সপ্তম শ্রেণী।

Medha

**Question 111:** কার্বোহাইড্রেট **C, H** এবং **O-** এর অনুপাত কত**?**

A. ১: ১ : ২
B. ১ : ৩ : ১
C. ১ : ৩ : ২
D. ১ : ২ : ১

**Answer:** ১ : ২ : ১

**Explanation:** শর্করা বা কার্বোহাইড্রেট হল এক ধরনের জৈব রাসায়নিক পদার্থ যার প্রতিটি অণুতে কার্বনের(C) সাথে হাইড্রোজেন(H) এবং অক্সিজেন(O) থাকে। এতে কার্বন(C), হাইড্রোজেন(H) এবং অক্সিজেন(O)- এর অনুপাত ১ : ২ : ১।

**Question 112:** সোডিয়াম এসিটেটের সংকেত **-**

A. CH2COONa
B. (CH3COO)2Ca
C. CHCOONa
D. CH3COONa

**Answer:** CH3COONa

**Explanation:** Sodium acetate/Sodium ethanoate- CH3COONa

**Question 113:** ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত গামা বিকিরণের উৎস কি **?**

A. আইসোটোন
B. আইসোমার
C. আইসোবার
D. আইসোটোপ

**Answer:** আইসোটোপ

**Explanation:** ক্যান্সার, টিউমার ইত্যাদি রোগ নির্ণয়ে এক্স-রে ব্যবহৃত হয়। কিন্তু, এসবের চিকিৎসায় Gamma Ray ব্যবহৃত হয়। ক্যান্সারের চিকিৎসায় ব্যবহৃত গামা বিকিরণের উৎস - কোবাল্ট-৬০ (Co60) আইসোটোপ।

Medha

**Question 114:** খাদ্য তৈরির জন্য উদ্ভিদ বায়ু থেকে গ্রহণ করে -

A. অক্সিজেন
B. জলীয় বাষ্প
C. নাইট্রোজেন
D. কার্বন ডাই-অক্সাইড

**Answer:** কার্বন ডাই-অক্সাইড

**Explanation:** সালোকসংশ্লেষণের জন্য প্রয়োজনীয় উপাদান ৪টি - পানি, কার্বন ডাই অক্সাইড (এই দুটি প্রধান), সূর্যালোক ও ক্লোরোফিল। তার মধ্যে পানি ও ক্লোরোফিল আসে উদ্ভিদের কোষ থেকে, কার্বন ডাই অক্সাইড বায়ুমণ্ডল থেকে এবং সূর্যালোক গ্রহন করে সূর্য থেকে। উৎসঃ নবম-দশম শ্রেণীর বিজ্ঞান বোর্ড বই।

**Question 115:** $^{35}_{17}Cl$ মৌলের নিউট্রন সংখ্যা কত?

A. 17
B. 70
C. 35
D. 18

**Answer:** 18

**Explanation:** কোন পরমাণুতে ভরসংখ্যা = প্রোটন + নিউট্রন সংখ্যা, যা A দিয়ে প্রকাশ করা হয়। যেহেতু, ভরসংখ্যা হলো, প্রোটন সংখ্যা ও নিউট্রন সংখ্যার যোগফল, কাজেই ভরসংখ্যা থেকে প্রোটন সংখ্যা বাদ দিলে পরমাণুর নিউট্রন সংখ্যা পাওয়া যাবে। এখানে, Cl- এর ভরসংখ্যা 35 এবং প্রোটন সংখ্যা 17। সুতরাং, নিউট্রন সংখ্যা= 35-17 = 18। উৎসঃ নবম-দশম শ্রেণীর রসায়ন বোর্ড বই।

**Question 116:** কোনো কঠিন পদার্থ বিশুদ্ধ নাকি অবিশুদ্ধ তা কিসের মাধ্যমে নির্ণয় করা যায়?

A. ঘনীভবন
B. বাষ্পীভবন
C. স্ফুটনাংক
D. গলনাংক

**Answer:** গলনাংক

**Explanation:** কোনো কঠিন পদার্থ বিশুদ্ধ নাকি অবিশুদ্ধ তা গলনাংক এর মাধ্যমে নির্ণয় করা যায়। উৎসঃ রসায়ন, নবম-দশম শ্রেণি।

Medha

**Question 117:** অ্যানোডে কোন বিক্রিয়া সম্পন্ন হয়**?**

A. পানি যোজন
B. বিজারণ
C. প্রশমন
D. জারণ

**Answer:** জারণ

**Explanation:** অ্যানোডে জারণ এবং ক্যাথোডে বিজারণ বিক্রিয়া সম্পন্ন হয়। উৎসঃ রসায়ন, নবম-দশম শ্রেণি।

**Question 118:** কোথায় সাঁতার কাটা সহজ**?**

A. পুকুরে
B. খালে
C. নদীতে
D. সাগরে

**Answer:** সাগরে

**Explanation:** যে পানির ঘনত্ব বেশি সে পানিতে সাঁতার কাটা সহজ। সমুদ্রের পানিতে ২.৫% থেকে ৩.৫% লবণ দ্রবীভূত অবস্থায় থাকে। যার ফলে পুকুর, নদী বা বিলের পানির চেয়ে সমুদ্রের পানির ঘনত্ব বেশি। তাই সমুদ্রের পানিতে সাঁতার কাটা সহজ হয়।

**Question 119:** ডিমে কোন ভিটামিন নেই**?**

A. ভিটামিন -এ
B. ভিটামিন-বি
C. ভিটামিন-ডি
D. ভিটামিন-সি

**Answer:** ভিটামিন-সি

**Explanation:** ভিটামিন-সি এর অপর নাম অ্যাসকরবিক এসিড। সাইট্রাস জাতীয় ফল যেমন- লেবু, কমলালেবু, মাল্টা, জাম্বুরায় প্রচুর ভিটামিন-সি পাওয়া যায়। টক জাতীয় ফল যেমন- আমলকি, আনারস,

Medha

আমড়া। সবুজ শাক-সবজি ও ফল যেমন- বাঁধাকপি, ফুলকপি, পালং শাক ইত্যাদিতে ভিটামিন-সি পাওয়া যায়। সবচেয়ে বেশি ভিটামিন-সি সমৃদ্ধ ফল আমলকি। ডিম ও দুধে কোন ভিটামিন-সি নেই।

**Question 120: কোনটির জন্য পুষ্প রঙ্গিন ও সুন্দর হয়?**

A. লিউকোপ্লাস্ট
B. ক্লোরোপ্লাস্ট
C. ক্রোমাটোপ্লাস্ট
D. ক্রোমোপ্লাস্ট

**Answer:** ক্রোমোপ্লাস্ট

**Explanation:** উদ্ভিদের প্লাস্টিড ৩ ধরনেরঃ - ক্লোরোপ্লাস্ট -- সবুজ রঙের; - ক্রোমোপ্লাস্ট -- সবুজ ব্যতীত অন্যান্য রঙের এবং - লিউকোপ্লাস্ট -- রঞ্জক পদার্থহীন। সূত্রঃ নবম-দশম শ্রেণীর জীববিজ্ঞান বোর্ড বই।

**Question 121: Which one of the following words is masculine?**

A. mare
B. pony
C. pillow
D. lad

**Answer:** lad

**Explanation:** Option গুলোর মধ্যে lad (বালক) হলো masculine বা পুরুষবাচক। বাকি option গুলোর মধ্যে bitch অর্থ স্ত্রী কুকুর; pillow অর্থ বালিশ ; pony অর্থ টাট্টু ঘোড়া বা ছোট ঘোড়া।

**Question 122: A man whose wife has died is called a -**

A. widow
B. bachelor
C. spinster
D. widower

**Answer:** widower

**Explanation:** A man whose wife has died অর্থাৎ যে ব্যক্তির স্ত্রী মারা গেছে তাকে বলা হয়

Medha

widower বা বিপত্নীক। এছাড়া widow অর্থ বিধবা, spinster অর্থ অবিবাহিতা মহিলা, bachelor অর্থ অবিবাহিত পুরুষ।

**Question 123: Which word is similar to 'appal'?**

A. deceive
B. confuse
C. solicit
D. dismay

**Answer:** dismay

**Explanation:** Appal: আতঙ্কিত করা; বিতৃষ্ণ করা; মর্মাহত করা। Dismay: হতাশ করা; আতঙ্কিত করা।

**Question 124: Which word means the opposite of 'dearth ' ?**

A. lack
B. shortage
C. poverty
D. abundance

**Answer:** abundance

**Explanation:** Dearth অর্থ অভাব; Lack অর্থ অভাব; Abundance অর্থ প্রাচুর্য; Poverty অর্থ দারিদ্র্য; Shortage অর্থ ঘাটতি।

**Question 125: Tennyson's 'In Memoriam' is an elegy on the death of -**

A. John Milton
B. John Keats
C. Sydney Smith
D. Arthur Henry Hallam

**Answer:** Arthur Henry Hallam

**Explanation:** In Memoriam, in full In Memoriam A.H.H., poem by Alfred, Lord Tennyson, written between the years 1833 and 1850 and published anonymously in

Medha

1850. - Consisting of 131 sections, a prologue, and an epilogue, this chiefly elegiac work examines the different stages of Tennyson’s period of mourning over the death of his close friend Arthur Henry Hallam. - In Memoriam reflects the Victorian struggle to reconcile traditional religious faith with the emerging theories of evolution and modern geology. Source: Britannica.com

**Question 126: Identify the word which is spelt incorrectly :**

A. maintenance
B. perseverance
C. convalescence
D. consciencious

**Answer:** consciencious

**Explanation:** Consciencious বানানটি ভুল। সঠিক শব্দটি হবে Conscientious যার অর্থ Wishing to do one's work or duty well and thoroughly বা বিবেকবান; বিবেকবুদ্ধিসম্পন্ন।

**Question 127: 'You look terrific in that dress! ' The word 'terrific' in the above sentence means -**

A. horrible
B. funny
C. very ugly
D. excellent

**Answer:** excellent

**Explanation:** Terrific (informal): excellent, wonderful ex: - I feel absolutely terrific today! - She's doing a terrific job. - You look terrific in that dress. Source: oxfordlearnersdictionaries.com

**Question 128: Someone who is capricious is -**

A. easily irritated
B. wise and willing to cooperate
C. exceedingly conceited and arrogant

D. known for sudden changes in attitude or behavior

**Answer:** known for sudden changes in attitude or behavior

**Explanation:** Capricious অর্থ খামখেয়ালি/ অস্থিরমতি। যা sudden changes in attitude or behaviour (হঠাৎ আচরণ ও দৃষ্টিভঙ্গি পরিবর্তন) অর্থের সাথে সামঞ্জস্যপূর্ণ।

**Question 129: Identify the word which remains the same in its plural form :**

A. thesis
B. intention
C. mouse
D. aircraft

**Answer:** aircraft

**Explanation:** Aircraft শব্দটির singular ও plural form একই থাকে। Intention এর plural form Intentions; Mouse এর plural form Mice; Thesis এর plural form Theses.

**Question 130: Identify the determiner in the following sentence : 'I have no news for you."**

A. have
B. news
C. for
D. no

**Answer:** no

**Explanation:** Determiner সাধারণত noun এর পূর্বে বসে noun টি নির্দিষ্ট না সাধারণ তা নির্দেশ করে। এই বাক্যে noun news এর পূর্বে ‘no’ শব্দটি determiner হিসাবে ব্যবহৃত হয়েছে।

**Question 131: A lost opportunity never returns. Here 'lost' is a -**

A. gerund
B. verbal noun
C. gerundial infinitive

Medha

D. participle

**Answer:** participle

**Explanation:** Verb এর যে রূপ কিছুটা verb এবং কিছুটা adjective এর কাজ করে তাকে participle বলে। বাক্যে 'lost' শব্দটি একই সাথে verb এবং adjective এর কাজ করেছে। সুতরাং এটি Participle.

**Question 132: The saying 'enough is enough' is used when you want-**

A. something to continue
B. to tell instructions are clear
C. something to continue until it's enough
D. something to stop

**Answer:** something to stop

**Explanation:** যখন কোন চলমান ঘটনা বা বিষয় সহ্য ক্ষমতার বাইরে চলে যায় এবং সেটা বন্ধ করা প্রয়োজন তখন 'enough is enough' ব্যবহার করা হয়। সুতরাং, সঠিক উত্তর হবে something to stop.

**Question 133: He ran with great speed. The underlined part of the sentence is a -**

A. noun phrase
B. participle phrase
C. adjective phrase
D. adverb phrase

**Answer:** adverb phrase

**Explanation:** Verb কে how, where, when, why দ্বারা প্রশ্ন করলে adverb phrase পাওয়া যায়। 'with great speed' অর্থ দ্রুত গতিতে। এটি বাক্যের verb ran কে modify করেছে। তাই এটি adverb phrase.

**Question 134: 'We must not be late, else we will miss the train' This is a -**

A. interrogative sentence
B. complex sentence
C. simple sentence

Medha

D. compound sentence

**Answer:** compound sentence

**Explanation:** প্রদত্ত বাক্যটি compound sentence এর উদাহরণ। Compound sentence এ সাধারণত দুইটি principal clause and, or, but, else, yet, otherwise, therefore ইত্যাদি conjunction দ্বারা যুক্ত থাকে।

**Question 135: Change the voice : 'Who is calling me?"**

A. By whom am I called?
B. By whom I am called?
C. Whom am I called by?
D. By whom am I being called?

**Answer:** By whom am I being called?

**Explanation:** Who যুক্ত এ ধরণের বাক্যকে passive voice এ রুপান্তর করার structure হলো- By whom + be verb + obj এর subjective form + being + v3 +?. সে অনুসারে By whom am I being called সঠিক।

**Question 136: An extra message added at the end of a letter after it is signed is called _____ .**

A. corrigendum
B. RSVP
C. NB
D. postscript

**Answer:** postscript

**Explanation:** Postscript (noun): - An additional remark at the end of a letter, after the signature and introduced by 'PS'. - an extra piece of information about an event that is added after it has happened. বাংলা অর্থ - পুনশ্চ। Source: Oxford Dictionary.

**Question 137: Sweet Helen 'make me immortal with a kiss' The sentence has been taken from the play -**

Medha

A. Romeo and Juliet
B. Caesar and Cleopatra
C. Antony and Cleopatra
D. Doctor Faustus

**Answer:** Doctor Faustus

**Explanation:** Christopher Marlowe এর নাটক Doctor Faustus. নাটকটির পুরো নাম The Tragical History of the life & Death of Doctor. এই নাটকের একটি বিখ্যাত উক্তি- "Sweet Helen 'make me immortal with a kiss'" Christopher Marlowe ছিলেন Shakespeare এর পূর্বে শ্রেষ্ঠ নাট্যকার। তাকে Father of English Tragedy বলা হয় এবং ইংরেজী নাটক এর সত্যিকারের প্রতিষ্ঠাতা বলা হয়। উৎসঃ ব্রিটানিকা।

**Question 138: 'What's in a name? That which we call a rose By any other name would smell as sweet' - who said this?**

A. Rosalind
B. Romeo
C. Portia
D. Juliet

**Answer:** Juliet

**Explanation:** উপরের ডায়ালগটি Shakespeare এর Romeo and Juliet নাটক থেকে নেওয়া। নাটকটির Act II. Scene II. তে Juliet, Romio কে উদ্দেশ্য করে আলোচিত উক্তিটি করেন। পূর্ণ ডায়ালগঃ Jul: 'Tis but thy name that is my enemy; Thou art thyself though, not a Montague. What's Montague? it is nor hand, nor foot, Nor arm, nor face, nor any other part Belonging to a man. O! be some other name: What's in a name? that which we call a rose By any other name would smell as sweet; So Romeo would, were he not Romeo call'd, Retain that dear perfection which he owes Without that title. Romeo, doff thy name; And for that name, which is no part of thee, Take all myself. Source: Shakespeare.com ও Romeo and Juliet.

**Question 139: 'Man's love is of man's life a thing apart, Tis woman's whole existence.' This is taken from the poem of -**

A. P.BShelley

B. Edmund Spenser
C. John Keats
D. Lord Byron

**Answer:** Lord Byron

**Explanation:** “Man's love is of man's life a thing apart, 'Tis woman's whole existence.” — George Gordon Byron Source: Goodreads and Forbes.

**Question 140: Who translated the 'Rubaiyat of Omar Khayyam' into English?**

A. Thomas Carlyle
B. William Thackeray
C. D.GRossetti
D. Edward Fitzgerald

**Answer:** Edward Fitzgerald

**Explanation:** Omar Khayyam, Persian mathematician, astronomer, and poet, renowned in his own country and time for his scientific achievements but chiefly known to English-speaking readers through the translation of a collection of his robāʿīyāt (“quatrains”) in The Rubáiyát of Omar Khayyám (1859), by the English writer Edward FitzGerald. Source: Encyclopaedia Britannica

**Question 141: 'Ulysses' is a novel written by -**

A. Joseph Conrad
B. Thomas Hardy
C. Charles Dickens
D. James Joyce

**Answer:** James Joyce

**Explanation:** Ulysses হলো আইরিশ কবি ও ঔপন্যাসিক James Joyce রচিত বিংশ শতাব্দীর অন্যতম শ্রেষ্ঠ উপন্যাস। - Exiles তার একটি নাটক এবং Dubliners হলো ছোটগল্প সংকলন। - James Joyce তার `Stream of Consciousness’ (চেতনার অন্তঃশীল প্রবাহ) টেকনিকের জন্যে বিখ্যাত। (সূত্রঃ লাইভ এমসিকিউ এবং ব্রিটানিকা)

**Question 142: The short story 'The Diamond Necklace' was written by -**

A. George Orwell
B. O Henry
C. Somerset Maugham
D. Guy de Maupassant

**Answer:** Guy de Maupassant

**Explanation:** Guy de Maupassant's short story "The Diamond Necklace" ("La parure") was first published in the Paris newspaper Le Gaulois on February 17, 1884, and was subsequently included in his 1885 collection of short stories Tales of Day and Night (Contes dejour et de la nuit). Like most of Maupassant's short fiction, it was an instant success, and it has become his most widely read and anthologized story. In addition to its well-rounded characters, tight plotting, wealth of detail, and keen social commentary, "The Diamond Necklace" is conspicuous for its use of the "whip-crack" or "O. Henry" ending, in which a plot twist at the end of the story completely changes the story's meaning. Source: Encyclopedia.

**Question 143: 'All the perfumes of Arabia will not sweeten this little hand' - Who said this?**

A. Macbeth
B. Macduff
C. Lady Macduff
D. Lady Macbeth

**Answer:** Lady Macbeth

**Explanation:** Macbeth is a famous tragedy of William Shakespeare. Famous quotation from Macbeth: - 'All the perfumes of Arabia will not sweeten this little hand.' These dramatic words are uttered by Lady Macbeth in Act V, Scene 1, during a time when she is overwhelmed by guilt. She has taken to sleepwalking and is obviously in deep distress. Source: Britannica and enotes.com

**Question 144: 'Where are the songs of Spring? Aye, where are they? Think not of them, thou hast thy music too.' -Who wrote this?**

A. William Wordsworth
B. Robert Browning
C. Samuel Coleridge
D. John Keats

**Answer:** John Keats

**Explanation:** - To Autumn BY JOHN KEATS Where are the songs of spring? Ay, Where are they? Think not of them, thou hast thy music too,— While barred clouds bloom the soft-dying day, And touch the stubble-plains with rosy hue; Then in a wailful choir the small gnats mourn Among the river sallows, borne aloft Or sinking as the light wind lives or dies; And full-grown lambs loud bleat from hilly bourn; Hedge-crickets sing; and now with treble soft The red-breast whistles from a garden-croft; And gathering swallows twitter in the skies.

**Question 145: Who is the central character of 'Wuthering Heights' by Emily Bronte?**

A. MrEarnshaw
B. Catherine
C. Hindley Earnshaw
D. Heathcliff

**Answer:** Heathcliff

**Explanation:** • Wuthering Heights is a famous novel which is written by Emily Bronte. • Important character of this novel: - Heathcliff, - Catherine Earnshaw - Cathy Linton, - Edgar Linton, - Lockwood etc. Source: Britannica.com

**Question 146: 'The old order changeth, yielding place to new' This line is extracted from Tennyson's poem -**

A. The Lotos- Eaters
B. Tighouns
C. Locksley Hall
D. Morte d' Arthur

Medha

**Answer:** Morte d' Arthur

**Explanation:** Morte d'Arthur BY ALFRED, LORD TENNYSON And slowly answer'd Arthur from the barge: "The old order changeth, yielding place to new, And God fulfils Himself in many ways, Lest one good custom should corrupt the world. Comfort thyself: what comfort is in me? I have lived my life, and that which I have done May He within Himself make pure! but thou, If thou shouldst never see my face again,

**Question 147: Who has written the poem "The Good Morrow"?**

A. George Herbert
B. Andrew Marvell
C. Henry Vaughan
D. John Donne

**Answer:** John Donne

**Explanation:** John Donne কে 'Poet of Love and Religious' বলা হয়। বিখ্যাত কয়েকটি কবিতা: - Good Morrow, - The Sun Rising, - The Canonization, - Twicknam garden etc. The Good-Morrow BY JOHN DONNE I wonder, by my troth, what thou and I Did, till we loved? Were we not weaned till then? But sucked on country pleasures, childishly? Or snorted we in the Seven Sleepers' den? 'Twas so; but this, all pleasures fancies be. If ever any beauty I did see, Which I desired, and got, 'twas but a dream of thee.

**Question 148: 'Please write to me at the above address' The word 'above' in this sentence is a/an -**

A. noun
B. adverb
C. pronoun
D. adjective

**Answer:** adjective

**Explanation:** যে Parts of Speech noun বা pronoun এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাপ ইত্যাদি নির্দেশ করে তাকে adjective বলে। বাক্যে above শব্দটি Adjective. এটি noun address কে modify করেছে।

**Question 149: In which sentence is the word 'past' used as a preposition?**

A. Writing letters is a thing of the past .
B. I look back on the past without regret .
C. I called out to him as he ran past .
D. Tania was a wonderful singer, but she's past her prime.

**Answer:** Tania was a wonderful singer, but she's past her prime.

**Explanation:** যে শব্দ noun বা pronoun এর পূর্বে বসে তার সাথে বাক্যের অন্যান্য শব্দের সম্পর্ক নির্দেশ করে তাকে preposition বলে। 'Tania was a wonderful singer, but she's past her time' এই বাক্যে 'past' শব্দটি noun এর পূর্বে বসে বাক্যের অন্য শব্দের সাথে সম্পর্ক নির্দেশ করেছে। সুতরাং, এ বাক্যে past শব্দটি preposition হিসাবে ব্যবহৃত হয়েছে।

**Question 150: The word 'sibling' means-**

A. a brother
B. a sister
C. an infant
D. a brother or sister

**Answer:** a brother or sister

**Explanation:** Sibling means 'A brother or a sister'. The plural form 'siblings' (ভাই অথবা বোন) means A brother or a sister। According to the Oxford Dictionary, Sibling (Noun): Meaning: Each of two or more children or offspring having one or both parents in common; a brother or sister. Ex: ‘I do not know if there were any other siblings or if their parents had any brothers or sisters.’

**Question 151: Fill in the blank: As she was talking, he suddenly broke__, saying, ‘That’s a lie!’**

A. off
B. into
C. down
D. in

Medha

**Answer:** in

**Explanation:** Break-in (noun) break in (up) on বাধা দেওয়া: break in (up) on a discussion. Source: Bangla Academy Dictionary

**Question 152: Fill in the blank : You may go for a walk if you feel _____ it .**

A. about
B. on
C. for
D. like

**Answer:** like

**Explanation:** Feel like something অর্থ কোন কিছু করার ইচ্ছা বা ঝোঁক থাকা। তাই শূন্যস্থানে like হবে। বাক্যটির অর্থ দাড়ায়: যদি তোমার হাঁটার ইচ্ছা হয় তাহলে তুমি হাঁটতে পার।

**Question 153: 'The Rape of the Lock' by Alexander Pope is a/an -**

A. epic
B. ballad
C. elegy
D. mock-heroic poem

**Answer:** mock-heroic poem

**Explanation:** The Rape of the Lock, mock-epic poem in heroic couplets by Alexander Pope. The first version, published in 1712, consisted of two cantos; the final version, published in 1714, was expanded to five cantos. - Baron (hero), Belinda (heroine), Arial (God) are the important character of 'The Rape of the Lock'. Source: Britannica.com

**Question 154: Which of the following is not an American poet?**

A. Robert Frost
B. Langston Hughes
C. Emily Dickinson
D. W.B Yeats

Medha

**Answer:** W.B Yeats

**Explanation:** William Butler Yeats (1865-1939): He was an Irish poet, dramatist and critic, famous for his use of symbolism and mysticism. -The Resurrection (1913) -The Wild Swans at Coole (1919) -The Cat and the Moon (1926) -The Tower (1928) -The Winding Stair and Other Poems (1933) Source: An ABC of English Literature - Dr M Mofizar Rahman অপশনের অন্যান্য সবাই আমেরিকান কবি।

**Question 155: William Shakespeare was born in-**

A. 1616
B. 1664
C. 1496
D. 1564

**Answer:** 1564

**Explanation:** William Shakespeare was an English dramatist and poet of the sixteenth century. - He was born on 23 April, 1564 AD and died on 23 April, 1616 AD. - His Birth place: Stratford Avon. - '1590-1616' is called the Shakespearean period. Source: An ABC of English Literature, Dr. M Mofizar Rahman.

**Question 156: H 323 Protocol সাধারণত কি কাজে ব্যবহৃত হয়?**

A. File transfer
B. File download
C. Data Security
D. VoIP

**Answer:** VoIP

**Explanation:** H. 323 is widely used in IP based videoconferencing, Voice over Internet Protocol (VoIP) and Internet telephony.

**Question 157: মুদ্রিত লেখা সরাসরি ইনপুট নেয়ার জন্য নিচের কোনটি ব্যবহৃত হয়?**

Medha

A. OMR
B. Scanner
C. MICR
D. OCR

**Answer:** OCR

**Explanation:** OCR এর পূর্ণনাম হলো Optical Character Reader. OCR এমনভাবে তৈরি যে এটা শুধু ছাপা লেখা না, হাতের লেখাও পড়তে পারে। হাতে লেখা, টাইপ করা লেখা বা প্রিন্ট করা লেখাকে মেশিন এনকোডেড টেক্সটে পরিণত করে Optical Character Reader (OCR)। উৎসঃ বিবিএ প্রোগ্রাম কম্পিউটার মৌলিক শিক্ষা; নবম-দশম শ্রেণীর (উন্মুক্ত বিশ্বঃ) কম্পিউটার ও আইসিটি বোর্ড বই

**Question 158:** একটি রিলেশনাল ডাটাবেস মডেলে নিচের কোনটি দ্বারা **Relation** প্রকাশ করা হয়**?**

A. Tuples
B. Attributes
C. Rows
D. Tables

**Answer:** Tables

**Explanation:** - একটি ডাটাবেজে একাধিক টেবিল থাকতে পারে। - কোন একটি নির্দিষ্ট ফিল্ডের উপর ভিত্তি করে দুই বা ততোধিক টেবিলের মধ্যে সম্পর্ক স্থাপন করাকে রিলেশনশীপ বলা হয়। - রিলেশন তৈরি করা টেবিল থেকে প্রয়োজনীয় ডাটা নিয়ে আলাদা ডাটা টেবিল তৈরি করা যায় I - রিলেশন করা ডাটা টেবিলের সমন্বয়ে গঠিত ডাটাবেজকে রিলেশনাল ডাটাবেজ বলা হয়। - আধুনিক ডাটাবেজ সফ্টওয়্যার বলতে সাধারণত রিলেশনাল ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেমকেই বুঝায় I উৎস : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, এসএসসি প্রোগ্রাম; উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**Question 159: Bluetooth** কিসের উদাহরণ **?**

A. কোনটি নয়
B. Local Area Network
C. Virtual Private Network
D. Personal Area Network

**Answer:** Personal Area Network

**Explanation:** Bluetooth Personal Area Network (PAN) is a technology that enables you

to create an Ethernet network with wireless links between mobile computers, mobile phones, and handheld devices. Source: microsoft.com

**Question 160: মোবাইল ফোনে কোন Mode এর যোগাযোগ হয়?**

A. Simplex
B. Half-duplex
C. কোনটি নয়
D. Full-duplex

**Answer:** Full-duplex

**Explanation:** ডাটা ট্রান্সমিশন মোডের উপর ভিত্তি করে মোবাইল কমিউনিকেশন সিস্টেমকে ৩ ভাগে ভাগ করা হয়। ১. সিমপ্লেক্স, ২. হাফ-ডুপ্লেক্স ও ৩. ফুল-ডুপ্লেক্স - সিমপ্লেক্সের উদাহরণ রেডিও-টিভি। - হাফ-ডুপ্লেক্সের উদাহরণ ওয়াকিটকি। - ফুল-ডুপ্লেক্সের উদাহরণ মোবাইল ফোন।

**Question 161: Firewall কি protection দেয়ার জন্য ব্যবহৃত হয়?**

A. Fire attacks
B. Data - driven attack
C. Virus attacks
D. Unauthorized access

**Answer:** Unauthorized access

**Explanation:** What does a firewall do? A firewall acts as a gatekeeper. It monitors attempts to gain access to your operating system and blocks unwanted traffic or unrecognized sources. Source: Norton.

**Question 162: TV Remote এর Carrier Frequency-র Range কত?**

A. < 100 MHZ
B. < 1 GHZ
C. < 2 GHZ
D. Infrared range এর

**Answer:** Infrared range এর

Media

**Explanation:** ইনফ্রারেড এটি এক ধরনের ওয়েভ যার ফ্রিকুয়েন্সি সীমা ৩০০ 300 GHz থেকে ৪০০ THz হয়ে থাকে। খুব কাছাকাছি অবস্থিত দুইটি ডিভাইসের মধ্যে যোগাযোগের ক্ষেত্রে ইনফ্রারেড ব্যবহার করা হয়। এ ধরনের যোগাযোগে দুই প্রান্তে ট্রান্সমিটার ও রিসিভার থাকে। - টেলিভিশন, ভিসিআর এ ব্যবহৃত রিমোট কন্ট্রোলে, বিভিন্ন ডিভাইস যেমন- কী-বোর্ড, মাউস, প্রিন্টার ইত্যাদির ওয়্যারলেস কমিউনিকেশনে ব্যবহৃত হয়। সূত্রঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-প্রথম পত্র, এইচএসসি প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**Question 163:** নিচের কোনটি **Octal number** নয়**?**

A. 101
B. 77
C. 15
D. 19

**Answer:** 19

**Explanation:** Octal number system এ আটটি অংক ব্যবহৃত হয়। যথা- ০, ১, ২, ৩, ৪, ৫, ৬ এবং ৭। তাই, ৩৮ Octal number নয়।

**Question 164: Time-shared OS-** এর জন্য কোন **sheduling policy** সবচেয়ে ভাল**?**

A. First come first serve
B. Last come first serve
C. Shortest job first
D. Round-robin

**Answer:** Round-robin

**Explanation:** Round robin scheduling policy is well suited for a time shared operating system.

**Question 165:** নিচের কোনটি **52(16)** এর বাইনারী রূপ**?**

A. 1111 0000(2)
B. 0111 0011(2)
C. 0000 1100(2)
D. 01010010(2)

**Answer:** 01010010(2)

**Explanation:** 52(16) এর বাইনারি রুপ 01010010(2)

**Question 166: প্রথম Web browser কোনটি?**

A. Netscape Navigator
B. Safari
C. Internet Explorer
D. WorldWideWeb

**Answer:** WorldWideWeb

**Explanation:** WorldWideWeb পৃথিবীর প্রথম ব্রাউজার। ১৯৯০ সালে এটা তৈরি করা হয়। WWW তথা World Wide Web এর সাথে নামের মিল আছে যা দুর্বোধ্যতার সৃষ্টি করতে পারে, তাই, পরবর্তীতে এটার নাম পরিবর্তন করে Nexus রাখা হয়। সূত্রঃ স্যার টিমোথি জন বার্নার্স-লি (টিম বার্নার্স-লি) এর সাক্ষাৎকার। From: w3.org - World Wide Web Consortium (W3C) [link]

**Question 167: Social Networking Site - এ যোগাযোগে কোন media ব্যবহৃত হয়?**

A. image /video
B. Audio
C. Text
D. উপরের সবগুলো

**Answer:** উপরের সবগুলো

**Explanation:** Social Networking Site - এ যোগাযোগে image, audio, video, text সবগুলোই ব্যবহৃত হয়।

**Question 168: CPU কোন address generate করে?**

A. Physical address
B. উপরের কোনটি নয়
C. Both physical and logical addresses
D. Logical Address

**Answer:** Logical Address

**Explanation:** The address generated by the CPU is referred to as Logical Address. সিপিইউ দ্বারা প্রোগ্রাম নির্বাহের সময় সর্বদা Logical Adress generate করে। অন্যদিকে, ভৌত ঠিকানা (Physical Address) হচ্ছে, মেমরি ইউনিট দ্বারা প্রদর্শিত ঠিকানা এবং এটি ডেটা বাসকে প্রধান মেমরিটি একটি বিশেষ মেমরি সেল ব্যবহার করতে দেয়। কম্পিউটারে চলমান এপ্লিকেশন প্রোগ্রাম গুলো Physical Adress দেখতে পায় না। তারা সবসময় Logical Adress ব্যবহার করে কাজ করে।

**Question 169:** নিচের কোন প্রোগ্রামটি একটি সম্পূর্ণ কম্পিউটার প্রোগ্রামকে একবারে অনুবাদ ও সম্পাদন করে**?**

A. Interpreter
B. Emulator
C. Simulator
D. Compiler

**Answer:** Compiler

**Explanation:** কম্পাইলার: কম্পাইলার হল এমন একটি অনুবাদক যা সোর্স প্রোগ্রামকে একসাথে সম্পূর্ণরূপে মেশিনের ভাষায় অনুবাদ করে একটি অবজেক্ট প্রোগ্রাম তৈরি করে এবং একটি এক্সিকিউশন ফাইল (.exe) তৈরি করে। অ্যাসেম্বলার: অ্যাসেম্বলার হচ্ছে অ্যাসেম্বলি ভাষায় লিখিত উৎস প্রোগ্রাম অর্থাৎ নেমোনিক কোডকে মেশিনের ভাষায় লিখিত অবজেক্ট প্রোগ্রামে রূপান্তর করা এক ধরনের অনুবাদক প্রোগ্রাম। ইন্টারপ্রেটার: ইন্টারপ্রেটারও কম্পাইলারের মতো উচ্চতর ভাষাকে মেশিন ভাষায় রূপান্তর করে, তবে কম্পাইলার যেমন প্রথমে সোর্স প্রোগ্রামকে অবজেক্ট প্রোগ্রামে রূপান্তর করে এবং শেষে ফলাফল প্রদান করে কিন্তু ইন্টারপ্রেটার সোর্স প্রোগ্রামকে অবজেক্ট প্রোগ্রামে রূপান্তর করে না। ইন্টারপ্রেটার এক লাইন করে সম্পাদন করে এবং তাৎক্ষণিক ফলাফল প্রদান করে।

**Question 170:** নিচের কোনটি একই সাথে ইনপুট ও আউটপুট হিসেবে কাজ করে**?**

A. Mouse
B. Microphone
C. Printer
D. Touch Screen

**Answer:** Touch Screen

**Explanation:** উল্লিখিত অপশনগুলোর মধ্যে টাচস্ক্রিন একই সাথে টাচ ইনপুট নেয় এবং স্ক্রিনে আউটপুট

দেখায়। কয়েকটি ইনপুট ডিভাইসের নামঃ ১. কীবোর্ড (Keyboard) ২. মাউস (Mouse) ৩, মাইক্রোফোন (Microphone) ৪. স্ক্যানার (Scanner) ৫, মডেম (Modem) ৬. গ্রাফিক্স ট্যাবলেট (Graphics Tablet) ৭, ওএমআর (OMR) ৮, ওসিআর (OCR) ৯, লাইটপেন (Light Pen) ১০. টাচস্ক্রিন (Touch Screen) (আউটপুট হিসেবেও ব্যবহার হয়) ১১. ট্র্যাকবল (Trackball) ১২. ট্র্যাকপ্যাড (Trackpad) ইত্যাদি। কয়েকটি আউটপুট ডিভাইসের নামঃ ১. মনিটর (Monitor) ২. প্রজেক্টর (Projector) ৩. স্পিকার (Speaker) ৪, প্রিন্টার (Printer) ৫. প্লটার (Plotter) ৬. ইমেজ সেটার (Image Setter) ইত্যাদি।

**Question 171:** ঢাকা থেকে হংকং হয়ে প্লেন নিউইয়র্কে যাওয়ার সময় দিনের সময়কালকে অপেক্ষাকৃত ছোট মনে হয়, কেন**?**

A. পৃথিবী পশ্চিম দিকে ঘুরছে বলে
B. পৃথিবী সূর্যের চারদিকে ঘুরছে বলে
C. এক্ষেত্রে এসব ঘূর্ণনের কোন প্রভাব নেই
D. অন্য কোন কারণ আছে

**Answer:** অন্য কোন কারণ আছে

**Explanation:** পৃথিবী পশ্চিম থেকে পূর্ব দিকে ঘুরে।

**Question 172:** নিচের কোনটি অমূলদ সংখ্যা **?**

A. 0.4
B. √9
C. 5.639
D. √(27/48)  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Answer:** √(27/48)  প্রশ্নটি বাতিল করা হয়েছে

**Explanation:** সঠিক উত্তর নেই। তাই প্রশ্নটি বাতিল করা হল।

**Question 173:** নিচের কোন পূর্ণ সংখ্যাটি ৩, ৪, ৫ এবং ৬ দ্বারা ভাগ করলে যথাক্রমে ১, ২, ৩ ও ৪ অবশিষ্ট থাকে**?**

A. ৪৮
B. ৫৪
C. ৬০

D. ৫৮

**Answer:** ৫৮

**Explanation:** ৩, ৪, ৫ এবং ৬ এর ল.সা.গু = ৬০ ৩ - ১ = ২; ৪ - ২ = ২; ৫ - ৩ = ২; ৬ - ৪ = ২; ∴ নির্ণেয় সংখ্যা = ৬০ - ২ = ৫৮

**Question 174:** পনির ও তপনের আয়ের অনুপাত ৪**:** ৩। তপন ও রবিনের আয়ের অনুপাত ৫ **:** ৪। পনিরের আয় ১২০ টাকা হলে**,** রবিনের আয় কত**?**

A. ৩৬ টাকা
B. ১২ টাকা
C. ৮৪ টাকা
D. ৭২ টাকা

**Answer:** ৭২ টাকা

**Explanation:** পনির : তপন = 4 : 3 = 20 : 15 [ 5 দ্বারা গুণ করে ] তপন : রবিন = 5 : 4 = 15 : 12 [ 3 দ্বারা গুণ করে ] ∴ পনির : তপন : রবিন = 20 : 15 : 12 পনিরের আয় 20 টাকা হলে রবিনের আয় 12 টাকা ∴ পনিরের আয় 120 টাকা হলে রবিনের আয় (12 ✕ 120) /20 = 72 টাকা

**Question 175:** ৪৫০ টাকা বার্ষিক ৬**%** সুদে কত বছরে সুদে**-** আসলে ৫৫৮ টাকা হবে**?**

A. ৩ বছরে
B. ৬ বছরে
C. ৫ বছরে
D. ৪ বছরে

**Answer:** ৪ বছরে

**Explanation:** আমরা জানি, সুদাসল C, মুলধন P, সুদের হার r এবং সময় n হলে C = P (১ + nr/১০০) ⇒ ৫৫৮ = ৪৫০ (১ + n ✕ ৬/১০০) ⇒ ৫৫৮ = ৪৫০ (১০০ + ৬n/১০০) ⇒ ৫৫৮০০/৪৫০ = ১০০ + ৬n ⇒ ৬n = ১২৪ - ১০০ ⇒ n = ২৪/৬ ∴ n = ৪ বছর

**Question 176:** একটি মোটর সাইকেল ১২**%** ক্ষতিতে বিক্রি করা হল। যদি বিক্রয় মূল্য ১২০০ টাকা বেশি হতো**,** তাহলে ৮**%** লাভ হত। মোটর সাইকেলের ক্রয় মূল্য **-**

Medha

A. ৮০০০ টাকা
B. ৫০০০ টাকা
C. ৪০০০ টাকা
D. ৬০০০ টাকা

**Answer:** ৬০০০ টাকা

**Explanation:** ক্রয়মূল্য ১০০ টাকা হলে ১২% ক্ষতিতে বিক্রয় মূল্য (১০০ - ১২) = ৮৮ টাকা; এবং, ৮% লাভে বিক্রয়মূল্য (১০০ + ৮) = ১০৮ টাকা। বিক্রয় মূল্যেদ্বয়ের পার্থক্য (১০৮ - ৮৮) = ২০ টাকা। বিক্রয় মূল্য ২০ টাকা বেশি হলে ক্রয় মূল্য ১০০ টাকা ∴ বিক্রয় মূল্য ১২০০ টাকা বেশি হলে ক্রয় মূল্য (১০০✕১২০০)/২০ = ৬০০০ টাকা।

**Question 177: ((0.9)3+(0.4)3)/(0.9+0.4) এর মান কত?**

A. 0.36
B. 0.51
C. 0.81
D. 0.61

**Answer:** 0.61

**Explanation:** $\{(0.9)^3 + (0.4)^3 \} / (0.9 + 0.4) = (0.9 + 0.4) \{(0.9)^2 - (0.9 \times 0.4) + (0.4)^2\} / (0.9 + 0.4) = 0.81 - 0.36 + 0.16 = 0.61$

**Question 178: 3x - 2 > 2x - 1 এর সমাধান সেট কোনটি ?**

A. [1,∞)
B. (-1,∞)
C. (12,∞)
D. (1,∞)

**Answer:** (1,∞)

**Explanation:** 3x-2 > 2x-1 ⇒ 3x - 2x > 2-1 ⇒ x > 1 বুঝা যাচ্ছে সমধান হচ্ছে, x, 1 এর চেয়ে বড় যেকোনো সংখ্যা। অর্থাৎ, ২ থেকে অসীম পর্যন্ত যেকোনো সংখ্যা। এখন এটা আমাদেরকে সংকেত দিয়ে প্রকাশ করতে হবে। (12, ∞) এটা আমাদের সমধানকে আংশিকভাবে সিদ্ধ করে কিন্তু এটা পূর্ণাঙ্গ সমধানের প্রকাশ নয়। ২টা অপশন আমাদের সম্ভাব্য উত্তর, [1,∞), (1,∞) [1,∞) - এটার মানে হচ্ছে ১ থেকে অসীম পর্যন্ত। [

Medha

দেয়ার কারণে ১ সমাধানে ধরতে হবে। (1,∞) - এটার মানে হচ্ছে ২ থেকে অসীম পর্যন্ত। ( দেয়ার কারণে ১ সমাধানে ধরা হবে না। ∴ সমাধান সেট (1, ∞)

**Question 179: $6x^2 - 7x - 4 = 0$** সমীকরণে মূলদ্বয়ে প্রকৃতি কোনটি**?**

A. বাস্তব ও সমান
B. পূর্ণ বর্গ সংখ্যা
C. অবাস্তব
D. বাস্তব ও অসমান

**Answer:** বাস্তব ও অসমান

**Explanation:** 6x2 - 7x - 4 = 0 সমীকরণটির নিশ্চায়ক b2 - 4ac এর সাহায্যে বের করা যায়। নিশ্চায়ক = (-7)2 - 4x6x(-4) = 49+96 = 145 > 0 যেহেতু নিশ্চায়ক ধনাত্বক পূর্ণ সংখ্যা। তাই মূলদ্বয় বাস্তব ও অসমান।

**Question 180:** যদি **x4 - x2 + 1 = 0** হয়, তবে**, x3 + 1/x3 =** কত**?**

A. ৩
B. ২
C. ১
D. ০

**Answer:** ০

**Explanation:** x4 - x2 + 1 = 0 ⇒ x4 +1 = x2 ⇒ (x4+1)/x2 = 1 ⇒ x2+1/x2 = 1 ⇒ (x+1/x)2 -2.x.1/x =1 ∴ x+ (1/x) = √3 x3+(1/x3) = {x+ (1/x)}3 - 3.x. (1/x) {x + (1/x)} = (√3)3 - 3. √3 = 3√3 - 3√3 = 0

**Question 181: xx√x = (x√x)x** হয়, তবে **x** এর মান কত**?**

A. Sun Mar 02 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
B. Wed Apr 09 2025 13:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
C. Mon Feb 03 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
D. Thu Sep 04 2025 13:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)

**Answer:** Thu Sep 04 2025 13:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)

Medha

**Explanation:** xx√x = (x√x)x (xx)√x = (x.x1/2)x = (x3/2)x = (xx)3/2 (xx)√x = (xx)3/2 √x = 3/2 x = (3/2)2 = 9/4

**Question 182: কোন শর্তে loga¹ = 0 ?**

A. a ≠ 1, a < 0
B. a ≠ 0 , a > 1
C. a > 0 , a = 1
D. a > 0, a ≠ 1

**Answer:** a > 0, a ≠ 1

**Explanation:** a > 0, a ≠ 1 শর্তে, loga 1 = 0

**Question 183: চিত্রে ∠PQR = 55°, ∠LRN = 90° এবং PQ || MR, PQ = PR হলে, ∠NRP এর মান নিচের কোনটি? -> 36.PNG**

A. 90°
B. 55°
C. 45°
D. 35°

**Answer:** 35°

**Explanation:** প্রদত্ত চিত্রে, PQ = PR সুতরাং, PQR সমদ্বিবাহু ত্রিভুজ। ∠PQR = ∠PRQ = 55° ∠LRN = 90° হলে ∠NRQ = 90° সুতরাং, ∠NRP = ∠NRQ - ∠PRQ = 90° - 55° = 35°

**Question 184: P = {x:x, 12 এর গুণনীয়কসমূহ} এবং Q = {x:x, 3 এর গুণিতক এবং x≤12 } হলে, P-Q কত?**

A. { 1,2,6}
B. {1,3,4}
C. {1,3,6}
D. {1,2,4}

**Answer:** {1,2,4}

**Explanation:** P = {x:x, 12 এর গুণনীয়কসমূহ} = {1,2,3,4,6,12} Q = {x:x, 3 এর গুণিতক এবং x ≤ 12 } = {3,6,9,12} ∴ P - Q = {1,2,3,4,6,12} - {3,6,9,12} = {1, 2, 4}

**Question 185: cos(nπ/2)** অনুক্রমটির চতুর্থ পদ কোনটি**?**

A. -1
C. Thu Jan 02 2025 14:00:00 GMT+0600 (Bangladesh Standard Time)
D. 1

**Answer:** 1

**Explanation:** cos(nπ/2) অনুক্রমটির চতুর্থ পদ = cos(4π/2) [এখানে n = 4] = cos2π = 1

**Question 186:** ৬ জন খেলোয়ারকে সমান সংখ্যক দুইটি দলে কত ভাবে বিভক্ত করা যায়**?**

A. ১২০
B. ২০
C. ৬০
D. ১০

**Answer:** ১০

**Explanation:** প্রশ্নটি ৪০ তম বিসিএসের প্রশ্ন; কিন্তু তা ৪০ তম বিসিএসেই প্রথম আসেনি। এর আগে এটি কুমিল্লা শিক্ষাবোর্ডে ২০১৭ সালের এইসএসসি পরীক্ষায় এসেছিল। অনলাইনের প্রায় সব গুলো ওয়েবসাইট এবং বাজারের বেশ কিছু বইয়ে এর ভুল সমাধান দেওয়া আছে। চলুন এর সঠিক সমাধান জেনে নেইঃ ২m সংখ্যক জিনিস সমান দুই ভাগে বিভক্ত করলে সমাবেশ সংখ্যা = (২m)!/২!(m!)২ ৬ বা (২X৩) জন খেলোয়াড়কে সমান সংখ্যক দুইটি দলে বিভক্ত করার উপায়= ৬!/ [২!(৩!)২] = ১০ বিকল্প সমাধানঃ প্রতি দলে ৩ জন করে নিয়ে দল গঠিত হবে। ৬ জন থেকে ৩ জন করে নিয়ে মোট দল গঠনের উপায় = ৬C৩ = (৬)!/(৩!(৬-৩)!) = ২০ সমান সংখ্যক বা ৩ জন করে দুটি দলে বিভক্ত করার উপায় = ২০/২ = ১০ উৎসঃ উচ্চতর গণিত প্রথম পত্র, একাদশ-দ্বাদশ শ্রেণী।

**Question 187:** শুদ্ধ বানান কোনটি**?**

A. অধোঃগতি
B. অধঃগতি
C. অধগতি

D. অধোগতি

**Answer:** অধোগতি

**Explanation:** অধোগতি, অধোগমন (বিশেষ্য): নিম্নগতি; নিচের দিকে যাওয়া। উৎসঃ বাংলা একাডেমী অভিধান।

**Question 188:** সঠিক বানান কোনটি **?**

A. Indulling
B. Indwling
C. Indweling
D. Indwelling

**Answer:** Indwelling

**Explanation:** Indwell: To dwell in; to abide within; to remain in possession. Source: Bangla Academy Dictionary

**Question 189:** বাংলা **'**ব্যঞ্জনবর্ণ**'-**মালায় **'**ম**'** অক্ষরটির পূর্বের পঞ্চম অক্ষরটি কী**?**

A. ধ'
B. ল'
C. প'
D. ন'

**Answer:** ন'

**Explanation:** বাংলা 'ব্যঞ্জনবর্ণ'-মালায় 'ম' অক্ষরটি ২৫তম বর্ণ। তার পূর্বের পঞ্চম অক্ষরটি হবে ২০তম বর্ণ 'ন'।

**Question 190:** যদি **ABC = ZYX** হয়**,** তবে **GIVV = ?**

A. TERE
B. TEER
C. FREE
D. TREE

Medha

**Answer:** TREE

**Explanation:** শুরু থেকে ১ম বর্ণ- A শুরু থেকে ২য় বর্ণ- B শুরু থেকে ৩য় বর্ণ- C শেষ থেকে ১ম বর্ণ- Z শেষ থেকে ২য় বর্ণ- Y শেষ থেকে ৩য় বর্ণ- X অনুরুপ প্যাটার্ন মেনেই GIVV = TREE হয়।

**Question 191: 'UNICEF'** এর আয়নায় প্রতিবিম্ব কোনটি হবে**?**

A. 37.PNG
B. 39.PNG
C. 40.PNG
D. 38.PNG

**Answer:** 38.PNG

**Explanation:** আয়নায় অক্ষরগুলো উল্টো ভাবে দেখায় এবং প্রথম অক্ষরগুলোর ক্রম শেষ থেকে শুরু হয়।

**Question 192:** রাস্তা সমান করার রোলার সরাবার জন্য সহজ হবে **,** যদি রোলারকে **-**

A. ঠেলে নিয়ে যাওয়া যায়
B. সমান সহজ হয়
C. তুলে নিয়ে যাওয়া যায়
D. টেনে নিয়ে যাওয়া যায়

**Answer:** টেনে নিয়ে যাওয়া যায়

**Explanation:** লন রোলার ঠেলার চেয়ে টানা সহজ কারন টানার সময় আপাত ওজন হ্রাস পায় কিন্তু ঠেলার সময় আপত ওজন বৃদ্ধি পায়।

**Question 193: .**১**×.**০১**×.**০০১ **= ?**

A. ১.০০০১
B. .১০০০১
C. .০০০০১
D. ০.০০০০০১

**Answer:** ০.০০০০০১

Medha

**Explanation:** .১×.০১×.০০১ = ০.০০০০০১

**Question 194:** যদি চ **× G =** ৮২ হয়, তবে **J ×** ট **= ?**

A. ১২০
B. ৯২
C. ১১৫
D. ১১০

**Answer:** ১১০

**Explanation:** প্রশ্নে ৮২ এর স্থলে ৪২ হবে। বর্ণমালায় অবস্থান অনুসারে- চ = ৬ G = ৭ J = ১০ এবং ট = ১১ তাই, চ × G = ৬ × ৭ = ৪২ এবং J × ট = ১০ × ১১ = ১১০

**Question 195: 41.PNG**

A. 45.PNG
B. 44.PNG
C. 43.PNG
D. 42.PNG

**Answer:** 42.PNG

**Explanation:** প্রথম চিত্রে তীর দুটি বিপরীত দিকে আছে। এবং, পরের চিত্রে তীরটি যেদিকে আছে পরের চিত্রে তীরটি তার বিপরীত দিকে আছে। একই ভাবে, শেষ চিত্রে বৃত্তটি যেদিকে আছে পরের চিত্রে তার বিপরীতে থাকবে।

**Question 196: 46.PNG**

A. 47.PNG
B. 49.PNG
C. 50.PNG
D. 48.PNG

**Answer:** 48.PNG

Medha

**Explanation:** উপরের ধারায় - 1 3 5 7 নিচের ধারায় - A C E G প্রতিবার একটি করে স্কিপ করছে।

**Question 197: 51.PNG**

A. 52.PNG
B. 53.PNG
C. 54.PNG
D. 55.PNG

**Answer:** 55.PNG

**Explanation:** ঘ এর চিত্রটির উপর একটি অপেক্ষাকৃত ছোট ত্রিভুজ বসালে প্রশ্নের চিত্রটি পাওয়া যায়।

**Question 198:** কোন শব্দগুচ্ছ শুদ্ধ**?**

A. আয়ত্তাধীন, অহোরাত্রি, অদ্যপি
B. গড্ডালিকা , চিণ্ময়,কল্যাণ
C. গৃহন্ত, গণনা, ইদানিং
D. আবশ্যক , মিথস্ক্রিয়া গীতালি

**Answer:** আবশ্যক , মিথস্ক্রিয়া গীতালি

**Explanation:** আবশ্যক, মিথস্ক্রিয়া, গীতালি - শব্দগুচ্ছ বাংলা একাডেমি অভিধান অনুযায়ী শুদ্ধ।

**Question 199:** ভারসাম্য রক্ষা করতে নির্দেশিত স্থানে কত কেজি ওজন রাখতে হবে**? -> 56.PNG**

A. ১২০
B. ৮০
C. ১৬০
D. ১৪০

**Answer:** ১৪০

**Explanation:** ৭ × ১০০ = ৫ × ক ⇒ ৭০০ = ৫ক ∴ ক = ১৪০

**Question 200:** একজন ব্যক্তি ভ্রমণে ৪ মাইল উত্তরে, ১২ মাইল পূর্বে , তারপর আবার ১২ মাইল উত্তরে যায়

। সে শুরুর স্থান থেকে কত মাইল দূরে**?**

A. ১৭
B. ২৮
C. ২১
D. ২০

**Answer:** ২০

**Explanation:** BCS_11.PNG

Medha